আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
••••••••••••••••••••
এবং কাফেরেরা চক্রান্ত করেছে আর আল্লাহও কৌশল অবলম্বন করেছেন। বস্তুতঃ আল্লাহ হচ্ছেন সর্বোত্তম কুশলী।
সূরা আল ইমরান ৫৪

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ১৪ জুলাই ২০২৬ ॥ ২৯ মহররম ১৪৪৮ ॥ ২৯ আষাঢ় ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৪৩ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

দেনমোহর আদায়ে নীতিমালা তৈরিতে নির্দেশ কেন নয় জানতে চান হাইকোর্ট

কীর্তনখোলা ডেস্ক
বিয়ের সময় ধার্যকৃত দেনমোহর আদায়ে আদালতের পদ্ধতি ও নীতিমালা তৈরি করতে কেন নির্দেশ দেওয়া ২ এর পাতায় দেখুন

মডেল মসজিদ নির্মাণে দুর্নীতির তদন্ত হবে: স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
মডেল মসজিদ নির্মাণে দুর্নীতির অভিযোগ প্রশ্নে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, বিগত আওয়ামী ফ্যাসিবাদী ২ এর পাতায় দেখুন

সময়মতো বই দেওয়া আমার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ: শিক্ষামন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
নতুন বছরে শিক্ষার্থীদের কাছে সময়মতো বই দেওয়া নিজের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে জানিয়েছেন শিক্ষা ২ এর পাতায় দেখুন

১ আগস্ট থেকে ১৫ মাস বয়সী শিশুরা পাবে টাইফয়েড টিকা

কীর্তনখোলা ডেস্ক
দেশের শিশুদের টাইফয়েড জ্বরের ঝুঁকি থেকে দীর্ঘমেয়াদ সুরক্ষা দেওয়ার লক্ষ্যে আগামী ১ আগস্ট ২০২৬ থেকে নিয়মিত ২ এর পাতায় দেখুন

বরিশালে প্রধানমন্ত্রীর ব্যস্ত সময় পার

নিজেদের পরিবেশ নিজেদেরই রক্ষা করতে হবে: প্রধানমন্ত্রী

কীর্তনখোলা রিপোর্ট
পরিবেশ রক্ষায় সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, নিজেদের পরিবেশ নিজেদেরই রক্ষা করতে হবে। নিজেরা যদি পরিবেশের দিকে খেয়াল না রাখি, তাহলে ভুক্তভোগী আমরাই হবো। তিনি প্রশ্ন রেখে বলেন, অন্য দেশের সুন্দর সুন্দর জায়গা নিয়ে আমরা আফসোস করবো, কিন্তু নিজের দেশের জায়গাগুলো সব নষ্ট করে দেব? সোমবার (১৩ জুলাই) দুপুর সোয়া ২টায় বরিশাল নগরীর ত্রিশ গোডাউন সংলগ্ন সাগরদী খালের দুই পাশে একযোগে ৩৫০টি গাছের চারা রোপণ কর্মসূচির শুরুতে প্রধানমন্ত্রী এসব কথা বলে। সরকারপ্রধান আরও বলেন, 'ধর্ম-বর্ণ নির্বিশেষে সব মানুষ মিলে যুদ্ধ করে আমরা এ দেশ স্বাধীন করেছি। মাত্র কয়েকদিন আগের কথা, স্বৈরাচারকে এ দেশ থেকে বিদায় করেছি। সব শ্রেণি-পেশার, সব ধর্ম-বর্ণের মানুষ রাজপথে নেমে এসে স্বৈরাচারকে দেশ থেকে হটিয়েছে। এভাবে সবাই যদি কাঁধে কাঁধ মিলিয়ে দেশের জন্য, মানুষের জন্য ভালো কাজগুলো করি, তাহলে সবাই ২ এর পাতায় দেখুন

চার কোটি পরিবারকে কার্ড ও নারীদের ডিগ্রি পর্যন্ত অবৈতনিক শিক্ষার ঘোষণা

এস এম নয়ন, গৌরনদী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বরিশালের গৌরনদী উপজেলার বাটাজোর ইউনিয়নে নবখননকৃত সরিকল-বাটাজোর খালের তীরে নারিকেল ও নিম গাছের চারা রোপণের মাধ্যমে গৌরনদীতে বৃক্ষরোপণ কর্মসূচির সূচনা করেন। একই সফরে তিনি ফ্যামিলি কার্ড কর্মসূচির উপকার ভোগীদের সঙ্গে মতবিনিময় করেন। সোমবার (১৩ জুলাই) সকাল ১০টার দিকে প্রধানমন্ত্রীর গাড়িবহর গৌরনদীতে পৌঁছালে বরিশালের প্রবেশদ্বার ভুরঘাটা থেকে বাটাজোর পর্যন্ত মহাসড়কের দুই পাশে সারিবদ্ধভাবে দাঁড়িয়ে বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মী, স্থানীয় বাসিন্দা এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ করতালি ও স্লোগানের মাধ্যমে তাঁকে স্বাগত জানান। প্রধানমন্ত্রীও হাত নেড়ে উপস্থিত জনতার শুভেচ্ছার জবাব দেন। পরে বাটাজোর ইউনিয়নের পূনঃখননকৃত সরিকল-বাটাজোর খালের তীরে আয়োজিত অনুষ্ঠানে 'সবার আগে বাংলাদেশ' স্লোগানকে সামনে রেখে প্রধানমন্ত্রী নিজ হাতে একটি নারিকেল গাছের চারা রোপণ করেন। এ সময় সময় উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন।

তিনি একটি নিম গাছের চারা রোপণ করেন। অনুষ্ঠানে বরিশাল বিভাগ ও জেলার প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তা বৃন্দ, উপজেলা প্রশাসনের কর্মকর্তা, আইনশৃঙ্খলা বাহিনীর কর্মকর্তা, স্থানীয় জনপ্রতিনিধি, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ও এর অঙ্গ-সহযোগী ২ এর পাতায় দেখুন

জঙ্গলে সেনাসদস্যদের সঙ্গে বসে দুপুরের খাবার খেলেন প্রধানমন্ত্রী

বাবুগঞ্জ প্রতিনিধি
জঙ্গলের ভেতরে বাংলাদেশ সেনাবাহিনীর গ্রীষ্মকালীন প্রশিক্ষণ মহড়া পরিদর্শন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মহড়া ঘুরে দেখার পাশাপাশি সেনাসদস্যদের সঙ্গে কথা বলেন তিনি। পরে যুদ্ধক্ষেত্রের পরিবেশে জঙ্গলে সেনাসদস্যদের রান্না করা দুপুরের খাবার খান প্রধানমন্ত্রী। সোমবার (১৩ জুলাই) সকাল সাড়ে ১১টার দিকে গৌরনদী থেকে বরিশাল নগরীর পথে বাবুগঞ্জ উপজেলার পূর্ব রহমতপুর এলাকায় আয়োজিত সেনাবাহিনীর গ্রীষ্মকালীন প্রশিক্ষণ মহড়া পরিদর্শন করেন তিনি। প্রধানমন্ত্রীর সফরের বিভিন্ন ছবি বিএনপির মিডিয়া সেল প্রকাশ ২ এর পাতায় দেখুন

প্রধানমন্ত্রীর কর্মসূচিতে যাওয়ার পথে মেঘনা নদীতে ট্রলারডুবি

হিজলা প্রতিনিধি
বরিশালে প্রধানমন্ত্রী তারেক রহমানের কর্মসূচিতে যাওয়ার পথে বিএনপির নেতাকর্মীদের বহনকারী একটি ট্রলার মেঘনা নদীতে ডুবে গেছে। ট্রলার ডুবে গেলেও বড় ধরনের কোনো দুর্ঘটনা ঘটেনি। সোমবার (১৩ জুলাই) সকাল ১০টার দিকে হিজলা উপজেলার বড়জালিয়া ইউনিয়নের মেঘনা নদীর বাউশিয়া অংশে এ ঘটনা ঘটে। হিজলা উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক খোকন দপ্তরি বলেন, বরিশাল নগরীতে বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমানের বৃক্ষরোপণ ও বিএনপির সাংগঠনিক সভায় অংশ নিতে বিএনপি নেতাকর্মীরা লঞ্চযোগে বরিশালে রওয়ানা হয়। পথিমধ্যে লঞ্চটি ২ এর পাতায় দেখুন

শিক্ষার্থীদের আবদারে গাড়ি থামালেন প্রধানমন্ত্রী, নিজেই তুললেন সেলফি

গৌরনদী প্রতিনিধি
গৌরনদীতে বৃক্ষরোপণ কর্মসূচি ও ফ্যামিলি কার্ড বিতরণ শেষে বরিশালের উদ্দেশে রওনা হওয়ার পথে স্কুলশিক্ষার্থীদের আবদারে গাড়িবহর থামিয়ে তাদের সঙ্গে কথা বলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এ সময় শিক্ষার্থীদের অনুরোধে তিনি নিজেই তাদের সঙ্গে সেলফি তোলেন। পরে তাদের হাতে বিভিন্ন ক্রীড়া সামগ্রী তুলে দেন। সোমবার (১৩ জুলাই) দুপুরে ঢাকা-বরিশাল মহাসড়কের বরিশালের সাতমাইল এলাকায় বরিশাল ক্যাডেট কলেজ ক্যাম্পাস-সংলগ্ন শিশুনিকেতন মাধ্যমিক বিদ্যালয়ের ২ এর পাতায় দেখুন

বরিশালে ৪০ কিলোমিটারজুড়ে মানবপ্রাচীরে প্রধানমন্ত্রীকে স্বাগত

কীর্তনখোলা রিপোর্ট
প্রধানমন্ত্রী হিসেবে প্রথমবার বরিশাল সফরে এসে ব্যতিক্রমী সংবর্ধনা পেয়েছেন তারেক রহমান। গৌরনদী থেকে বরিশাল নগরী পর্যন্ত প্রায় ৪০ কিলোমিটার সড়কের দুই পাশে দাঁড়িয়ে মানবপ্রাচীর তৈরি করে তাকে স্বাগত জানান বিএনপির নেতাকর্মী, সমর্থক ও স্থানীয় বাসিন্দারা। সোমবার (১৩ জুলাই) সকাল সাড়ে ৯টার দিকে প্রধানমন্ত্রী গৌরনদীতে পৌঁছান। সেখান থেকে রওনা হয়ে বেলা সোয়া ২টার দিকে বরিশাল নগরের ত্রিশ গোডাউনসংলগ্ন সাগরদী খাল এলাকায় পৌঁছান। সেখানে খালের দুই পাশে একযোগে সাড়ে ৩৫০টি গাছের চারা রোপণ করেন তিনি। এর আগে গৌরনদী থেকে বরিশাল আসার পথে প্রধানমন্ত্রী গাড়িবহর থামিয়ে বরিশাল ক্যাডেট কলেজসংলগ্ন শিশুনিকেতন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ২ এর পাতায় দেখুন



কাউখালীতে গুরুত্বপূর্ণ দপ্তরে কর্মকর্তা শূন্য

কাউখালী প্রতিনিধি
পিরোজপুরের কাউখালীতে উপজেলা পরিষদের বিভিন্ন গুরুত্বপূর্ণ সরকারি দপ্তরে দীর্ঘদিন ধরে স্থায়ী কর্মকর্তা না থাকায় প্রশাসনিক কার্যক্রমে চরম বিঘ্ন সৃষ্টি হচ্ছে। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, উপজেলা সাব রেজিস্ট্রার, উপজেলা ভেটেনারী সার্জন, সমাজসেবা অফিসার, উপজেলা সমবায় অফিসার, উপজেলা মহিলা বিষয়ক অফিসার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, উপজেলা পরিসংখ্যান অফিসার, উপজেলা যুব উন্নয়ন অফিসার, উপজেলা পোস্টমাস্টারসহ একাধিক গুরুত্বপূর্ণ পদ দীর্ঘদিন ধরে শূন্য ২ এর পাতায় দেখুন

বরগুনায় বস্তাবন্দি যুবকের অর্ধগলিত মরদেহ উদ্ধার

বরগুনা প্রতিনিধি
বরগুনা সদর উপজেলার কেওড়াবুনিয়া ইউনিয়নের আমড়াঝুড়ি এলাকায় বস্তাবন্দী অবস্থায় এক যুবকের অর্ধগলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। সোমবার (১৩ জুলাই) দুপুর ১টার দিকে কেওড়াবুনিয়া ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের আমড়াঝুড়ি এলাকায় নিজ বাড়ির দক্ষিণ পাশের একটি বেড় থেকে মরদেহটি উদ্ধার করা হয়। নিহত শিপন হাং (২৫) ওই এলাকার বাসিন্দা। তিনি সোহরাব হাংয়ের ছেলে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, বস্তাবন্দী অবস্থায় ২ এর পাতায় দেখুন

গত মাসে বরিশালে ৩৫টি দুর্ঘটনায় ২০ জন নিহত ও ৭৯ জন আহত

কীর্তনখোলা ডেস্ক
গত জুন মাসে দেশে ৫৩০টি সড়ক দুর্ঘটনায় ৪৬২ জন নিহত হয়েছেন। এসব দুর্ঘটনায় আহত হয়েছেন আরও ৭৫০ জন। বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির (বিআরটিএ) চেয়ারম্যান মোহাম্মদ হাবীবুর রহমানের স্বাক্ষরিত সড়ক দুর্ঘটনা-সংক্রান্ত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। গত ১২ জুলাই স্বাক্ষরিত প্রতিবেদনটি ১৩ জুলাই অনলাইনে প্রকাশ করা হয়। বিআরটিএ জানিয়েছে, তাদের বিভাগীয় অফিসগুলোর মাধ্যমে সারাদেশের সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ করা হয়েছে। ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

দুর্ভোগ কমাতে হবে

জাতীয় পরিচয়পত্র বা এনআইডি এখন নানা জরুরি কাজে ব্যবহৃত হয়। ব্যাংক অ্যাকাউন্ট খোলা, পাসপোর্ট তৈরি, জমি কেনাবেচা, সরকারি ভাতা গ্রহণ থেকে শুরু করে মোবাইল সিম কার্ড কেনা পর্যন্ত জীবনের প্রতিটি ক্ষেত্রে এনআইডি অপরিহার্য। কিন্তু পরিতাপের বিষয় হলো, কোটি কোটি নাগরিকের এই গুরুত্বপূর্ণ সনদে রয়ে গেছে অসংখ্য তথ্যবিভ্রাট। আর এই ভুলের খেসারত দিতে হচ্ছে সাধারণ মানুষকে। একটি তথ্য সংশোধন করতে গেলে নাগরিকদের মাসের পর মাস, বছরের পর বছর দুর্ভোগ পোহাতে হয়। এ ছাড়া রয়েছে দালালচক্রের দৌরাত্ম্য। অভিযোগ রয়েছে, সুযোগ বুঝে সংশ্লিষ্ট কর্মকর্তারাও মোটা অঙ্কের ঘুষ দাবি করেন। খবরে জানা গেছে, এনআইডিতে একটি ভুল তথ্য সংশোধন করতে গিয়ে এক ব্রিটিশ-বাংলাদেশির পাঁচ বছর লেগেছে। ভুক্তভোগী সাবুল মিয়া এক-দুবার নয়, মোট চারবার আবেদন করেছেন। প্রতিবারই নতুন নতুন নথিপত্র চাওয়া হয়েছে। বারবার আশ্বাস দেওয়া হয়েছে, 'কাজ হয়ে যাবে'; কিন্তু কাজ হয়নি। এ জন্য তাঁকে বারবার যুক্তরাজ্য থেকে বাংলাদেশে ছোটাছুটি করতে হয়েছে। অথচ তাঁর এনআইডিতে ভুল ছিল মাত্র একটি। তাঁর প্রকৃত বয়স ৮৭, কিন্তু এনআইডিতে লেখা হয় ৭৮। এতে তাঁর বয়স ৯ বছর কমে যায়। এই ভুল সংশোধনের জন্য তিনি প্রথমে যান সিলেট আঞ্চলিক নির্বাচন কার্যালয়ে। সেখানেই তাঁকে পাঁচ বছর নাকানিচুবানি খেতে হয়েছে। অবশেষে চলতি বছর ২৪ মে নির্বাচন কমিশনের প্রধান কার্যালয়ে তাঁর কাজ সম্পন্ন হয়। খোঁজ নিলে দেখা যাবে, সাবুল মিয়ার মতো তিক্ত অভিজ্ঞতা অনেকেরই। এখন ডিজিটাল যুগ। নানা ক্ষেত্রে আগের তুলনায় গতি এসেছে। সঠিক তথ্য যাচাই-বাছাইয়ের অনেক সুযোগ তৈরি হয়েছে। এই সময়ে এসে জাতীয় নাগরিকত্ব সনদ সংশোধনের প্রক্রিয়ায় এত অব্যবস্থাপনা, এত মন্থরগতি মেনে নেওয়া যায় না। এনআইডি সংশোধনের পুরো প্রক্রিয়াকে আরো সহজ, স্বচ্ছ এবং সম্পূর্ণ অনলাইনভিত্তিক করা এখন সময়ের দাবি। ভুলের ধরন অনুযায়ী ক্যাটাগরি ভাগ করে একটি নির্দিষ্ট সময়সীমা ১৫ বা ৩০ দিন বেঁধে দেওয়া যেতে পারে। এই সময়ের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করতে কর্মকর্তারা বাধ্য থাকবেন। ওয়াকিফহাল মহলের অভিমত, এমন পদক্ষেপ ছাড়া সাধারণ মানুষের ভোগান্তি কমবে না। আমরা আশা করি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে এবং জাতীয় পরিচয়পত্র সংশোধনে একটি কার্যকর ও নাগরিকবান্ধব ব্যবস্থা গড়ে তুলবে।

বরগুনায় বস্তাবন্দি যুবকের

একটি অর্ধগলিত মরদেহ দেখতে পেয়ে স্থানীয়রা পুলিশকে খবর দেন। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহটি উদ্ধার করে। পারিবারিক সূত্র জানায়, গত ১১ জুলাই বিকেল সাড়ে ৩টার দিকে শিপন বাড়ি থেকে বের হওয়ার পর নিখোঁজ হন। এরপর পরিবারের সদস্যরা বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি করেও তার কোনো সন্ধান পাননি। নিখোঁজের দুই দিন পর সোমবার তার মরদেহ উদ্ধার হয়। বরগুনা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু সাহাদাৎ মো. হাচনাইন পারভেজ বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করেছে। ঘটনাটি গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত কার্যক্রম প্রক্রিয়াধীন।

কাউখালীতে গুরুত্বপূর্ণ

রয়েছে। এছাড়া কাউখালী সরকারি ডিগ্রী কলেজের অধ্যক্ষ, এস বি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সরকারি কেজি ইউনিয়ন বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। ফলে পার্শ্ববর্তী উপজেলার কর্মকর্তারা অতিরিক্ত দায়িত্ব পালন করলেও কাঙ্ক্ষিত সেবা থেকে বঞ্চিত হচ্ছেন সাধারণ মানুষ। সবচেয়ে বেশি ভোগান্তির সৃষ্টি হয়েছে উপজেলা হিসাবরক্ষণ অফিসে। বর্তমানে বরিশালের বাকেরগঞ্জ উপজেলার হিসাবরক্ষণ কর্মকর্তা মোঃ সাদ্দাম হোসেন সিরাজী কাউখালীসহ তিনটি উপজেলার অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। তিনি সপ্তাহে শুধুমাত্র মঙ্গলবার কাউখালী অফিসে আসেন। এতে উপজেলা পরিষদ ও বিভিন্ন দপ্তরের বিল-ভাউচার নিষ্পত্তি, সরকারি অর্থ উত্তোলন এবং আর্থিক কার্যক্রমে দীর্ঘসূত্রতা দেখা দিয়েছে। উপজেলা সমবায় কর্মকর্তা মানসী ইসলাম কাউখালীর পদে থাকলেও বর্তমানে ঢাকার অধিদপ্তরে সংযুক্ত থাকায় স্থানীয় সমবায় সমিতিগুলো নিয়মিত সেবা পাচ্ছে না। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা তামান্না খুরশিদ জাহান তিনটি উপজেলার দায়িত্ব পালন করছেন এবং সপ্তাহে মাত্র একদিন কাউখালীতে অফিস করেন। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নূরে জান্নাত জিয়ান জিয়ানগর উপজেলার মূল দায়িত্বে থেকে কাউখালীতে অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। একইভাবে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা উজ্জ্বল দেবনাথ নেছারাবাদ উপজেলার মূল দায়িত্বে থেকে সপ্তাহে এক-দুই দিন কাউখালীতে অফিস করেন। উপজেলা সমাজসেবা কর্মকর্তা মতিউর রহমান পিরোজপুর সদর উপজেলায় কর্মরত থেকে কাউখালীতে অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। অন্যদিকে উপজেলা পরিসংখ্যান অফিসে দীর্ঘদিন ধরে কোনো কর্মকর্তা নেই। অফিসের একমাত্র কর্মচারী মোঃ আসাদুজ্জামান অফিসের দাপ্তরিক কার্যক্রম চালিয়ে গেলেও ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে প্রায়ই উপজেলার বাইরে দায়িত্ব পালন করতে হয়। ফলে অধিকাংশ সময় অফিসটি তালাবদ্ধ থাকে। এছাড়া উপজেলা পোস্টমাস্টারের পদও দীর্ঘদিন ধরে শূন্য থাকায় ডাক বিভাগের বিভিন্ন প্রশাসনিক কার্যক্রমেও ধীরগতি দেখা দিয়েছে। ভুক্তভোগী উপজেলা সদরের বাসিন্দা মাসুম বিল্লাহ বলেন, একটি বিলের কাজ করতে এসে বারবার ফিরে যেতে হচ্ছে। কর্মকর্তা না থাকায় দিনের পর দিন ঘুরেও কাজ শেষ করা যাচ্ছে না। এতে সময় ও অর্থ-দুইই নষ্ট হচ্ছে। স্থানীয় সমবায় সমিতির সদস্য আমেনা বেগম বলেন, সমবায় অফিসে প্রয়োজনীয় কাজ নিয়ে গেলে প্রায়ই বলা হয় কর্মকর্তা নেই বা অন্য উপজেলা থেকে এলে কাজ হবে। এতে আমরা অনেক ভোগান্তিতে পড়ছি। এ বিষয়ে কাউখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আসাদুজ্জামান বলেন, বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ দপ্তরে দীর্ঘদিন ধরে কর্মকর্তা না থাকায় পার্শ্ববর্তী উপজেলার কর্মকর্তারা অতিরিক্ত দায়িত্ব পালন করছেন। এতে কিছুটা প্রশাসনিক জটিলতা তৈরি হচ্ছে। বিষয়টি সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। শূন্য পদগুলোতে দ্রুত নিয়োগ হলে জনসেবার মান আরও বৃদ্ধি পাবে বলে আমরা আশা করছি।

গত মাসে বরিশালে ৩৫টি দুর্ঘটনায়

প্রতিবেদন অনুযায়ী, বিভাগভিত্তিক হিসেবে সবচেয়ে বেশি দুর্ঘটনা ঘটেছে চট্টগ্রাম বিভাগে। সেখানে ১৭১টি দুর্ঘটনায় ১৪৩ জন নিহত এবং ২৬৪ জন আহত হয়েছেন। ঢাকা বিভাগে ১১৫টি দুর্ঘটনায় ১০৩ জন নিহত ও ১৭৬ জন আহত হয়েছেন। এ ছাড়া রাজশাহী বিভাগে ৬৫টি দুর্ঘটনায় ৬৭ জন নিহত ও ৬৬ জন আহত হয়েছেন। খুলনা বিভাগে ৪৮টি দুর্ঘটনায় ৪০ জন নিহত ও ৮৮ জন আহত হয়েছেন। বরিশাল বিভাগে ৩৫টি দুর্ঘটনায় ২০ জন নিহত ও ৭৯ জন আহত হয়েছেন। সিলেট বিভাগে ২১টি দুর্ঘটনায় ২০ জন নিহত ও ২৬ জন আহত হয়েছেন। রংপুর বিভাগে ৪৭টি দুর্ঘটনায় ৪৭ জন নিহত ও ২৩ জন আহত হয়েছেন। ময়মনসিংহ বিভাগে ২৮টি দুর্ঘটনায় ২২ জন নিহত ও ২৮ জন আহত হয়েছেন। জুন মাসের দুর্ঘটনাগুলোতে মোট ৮২৭টি যানবাহন জড়িত ছিল। এর মধ্যে ছিল মোটরকার বা জিপ ২৭টি, বাস বা মিনিবাস ১৫৩টি, ট্রাক বা কাভার্ডভ্যান ১৭১টি, পিকআপ ৫৫টি, মাইক্রোবাস ১৮টি, অ্যাম্বুলেন্স ৭টি, মোটরসাইকেল ১৩৮টি, ভ্যান ২৩টি, ট্রাক্টর ৬টি, ইজিবাইক ২২টি, ব্যাটারিচালিত রিকশা ২৭টি, অটোরিকশা ৬২টি এবং ১১৮টি অন্যান্য যানবাহন। যানবাহনভিত্তিক নিহতের হিসাবে মোটরসাইকেল দুর্ঘটনায় সবচেয়ে বেশি ১২১ জন প্রাণ হারিয়েছেন। এছাড়া মোটরকার দুর্ঘটনায় বা জিপ ১২ জন, বাস বা মিনিবাস দুর্ঘটনায় ৪৫ জন, ট্রাক বা কাভার্ডভ্যান দুর্ঘটনায় ৭১ জন, পিকআপ দুর্ঘটনায় ২৬ জন, মাইক্রোবাস দুর্ঘটনায় ৬ জন, অ্যাম্বুলেন্স দুর্ঘটনায় ৪ জন, ভ্যান দুর্ঘটনায় ১১ জন, ট্রাক্টর দুর্ঘটনায় ২ জন, ইজিবাইক দুর্ঘটনায় ১২ জন, ব্যাটারিচালিত রিকশা দুর্ঘটনায় ১৭ জন, অটোরিকশা দুর্ঘটনায় ৪১ জন ও অন্যান্য যান দুর্ঘটনায় ৯৪ জন নিহত হয়েছেন। সব মিলিয়ে জুন মাসে সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন ৪৬২ জন।

বরিশালে ৪০ কিলোমিটারজুড়ে

ক্রীড়াসামগ্রী বিতরণ করেন। এ সময় তিনি শিক্ষার্থীদের সঙ্গে সেলফিও তোলেন। পরে বাবুগঞ্জে বাংলাদেশ সেনাবাহিনীর গ্রীষ্মকালীন প্রশিক্ষণ মহড়া পরিদর্শন করেন। দলীয় সূত্র জানায়, প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী সফরকে ঘিরে কোনো তোরণ, ব্যানার বা ফেস্টুন ব্যবহার করা হয়নি। জনদুর্ভোগ এড়াতে সাদামাটা আয়োজনের মধ্যেই সংবর্ধনার অংশ হিসেবে প্রায় ৪০ কিলোমিটার এলাকাজুড়ে মানবপ্রাচীর গড়ে তোলা হয়। বিএনপির জাতীয় নির্বাহী কমিটির বরিশাল বিভাগের সহসাংগঠনিক সম্পাদক ও বরিশাল জেলা পরিষদের প্রশাসক আকন কুদ্দুসুর রহমান বলেন, প্রধানমন্ত্রী হওয়ার পর প্রথমবার বরিশাল সফরকে ঘিরে নেতাকর্মী ও সাধারণ মানুষের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে। তবে তার নির্দেশনা অনুযায়ী এমন কোনো আয়োজন করা হয়নি, যাতে জনদুর্ভোগ সৃষ্টি হয়। একই সঙ্গে মানবপ্রাচীরের কারণে যান চলাচল বা সাধারণ মানুষের চলাচলে যাতে কোনো বিঘ্ন না ঘটে, সে বিষয়েও গুরুত্ব দেওয়া হয়েছে। সফরসূচি অনুযায়ী, সকালে গৌরনদী উপজেলার বাটাজোর ইউনিয়নের নবখনন করা সরিকলুবাটাজোর খালের পাশে বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেন প্রধানমন্ত্রী। সেখানে একযোগে দুই হাজার গাছের চারা রোপণ কর্মসূচির উদ্বোধন করেন। পাশাপাশি ফ্যামিলি কার্ডের উপকারভোগীদের সঙ্গে মতবিনিময় করেন। পরে দুপুর সাড়ে ১২টায় বরিশাল নগরের কীর্তনখোলা নদীর তীরবর্তী ত্রিশ গোডাউন এলাকার বধ্যভূমিসংলগ্ন সাগরদী খালের পাশে বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেন তিনি। সেখানে একটি নারিকেল গাছের চারা রোপণ করেন। বিকেলে সার্কিট হাউসে সংক্ষিপ্ত বিশ্রাম শেষে বরিশাল শিল্পকলা একাডেমিতে বিএনপির সাংগঠনিক সভায় যোগ দিয়েছেন তিনি। সভায় দলের কেন্দ্রীয় ও স্থানীয় নেতারা উপস্থিত ছিলেন। বরিশালের জেলা প্রশাসক মামুন খন্দকার বলেন, প্রধানমন্ত্রীর সরকারি কর্মসূচিতে প্রশাসনের পক্ষ থেকে নিরাপত্তা ও প্রয়োজনীয় সহায়তা দেওয়া হয়েছে। আর শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত সাংগঠনিক সভার আয়োজন করেছে বিএনপি।

শিক্ষার্থীদের আবদারে গাড়ি থামালেন

সামনে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, প্রধানমন্ত্রীকে একনজর দেখতে বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকেরা সড়কের পাশে অবস্থান নেন। তাদের উপস্থিতি লক্ষ্য করে প্রধানমন্ত্রী গাড়িবহর থামান এবং শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করেন। প্রধানমন্ত্রীকে কাছে পেয়ে শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা যায়। তারা করতালির মাধ্যমে প্রধানমন্ত্রীকে স্বাগত জানান এবং স্মরণীয় মুহূর্তটি ক্যামেরাবন্দি করেন। শিশুনিকেতন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. রফিকুল ইসলাম বলেন, প্রধানমন্ত্রী আমাদের বিদ্যালয়ের সামনে গাড়িবহর থামিয়ে শিক্ষার্থীদের সঙ্গে সময় কাটিয়েছেন। তিনি তাদের সঙ্গে সেলফি তুলেছেন এবং ক্রীড়া সামগ্রী উপহার দিয়েছেন। এটি আমাদের বিদ্যালয়ের জন্য অত্যন্ত স্মরণীয় একটি মুহূর্ত। প্রসঙ্গত, রাষ্ট্রক্ষমতা গ্রহণের চার মাস পর প্রধানমন্ত্রী হিসেবে প্রথমবারের মতো সোমবার (১৩ জুলাই) বরিশাল সফর করেন তারেক রহমান। সফরসূচি অনুযায়ী সকালে সড়কপথে বরিশালে পৌঁছে প্রধানমন্ত্রী প্রথমে গৌরনদী উপজেলার বাটাজোর ইউনিয়নের সরিকল-বাটাজোর খালপাড়ে আয়োজিত বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেন। সেখানে একযোগে প্রায় দুই হাজার গাছের চারা রোপণ কার্যক্রমের উদ্বোধন করেন। একই সঙ্গে ফ্যামিলি কার্ডের উপকারভোগীদের সঙ্গে মতবিনিময় করেন। এরপর প্রধানমন্ত্রী বরিশাল নগরীর কীর্তনখোলা নদীর তীরবর্তী ত্রিশ গোডাউন এলাকার বধ্যভূমি-সংলগ্ন সাগরদী খালপাড়ে দ্বিতীয় দফায় বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেন। সেখানে জিআই স্বীকৃত বরিশালের আমড়া গাছ ও নারিকেল গাছের চারা নিজ হাতে রোপণ করেন।

জঙ্গলে সেনাসদস্যদের সঙ্গে বসে

করেছে। সেখানে দেখা যায়, তিনি হেঁটে হেঁটে মহড়ার বিভিন্ন অংশ পর্যবেক্ষণ করছেন। দুর্গম ও ঘন জঙ্গলে সেনাসদস্যদের অবস্থান গ্রহণ, কৌশলগত চলাচল, আক্রমণ ও প্রতিরক্ষার বিভিন্ন অনুশীলন এবং বাস্তব যুদ্ধ পরিস্থিতির অনুকরণে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম ঘুরে দেখেন তিনি। এ সময় দায়িত্বপ্রাপ্ত সেনা কর্মকর্তারা মহড়ার উদ্দেশ্য, কৌশল ও প্রস্তুতি সম্পর্কে প্রধানমন্ত্রীকে বিস্তারিত ব্রিফ করেন। পরিদর্শনের সময় শত্রুপক্ষের ড্রোন শনাক্ত ও প্রতিহত করতে ব্যবহৃত অ্যান্টি-ড্রোন মাল্টি-ব্যারেল সিস্টেমের কার্যক্রমও পর্যবেক্ষণ করেন প্রধানমন্ত্রী। সেনা কর্মকর্তারা তাকে আধুনিক এ প্রযুক্তির ব্যবহার ও কার্যকারিতা সম্পর্কে অবহিত করেন। আনুষ্ঠানিকতা শেষে কিছু সময় সেনাসদস্যদের সঙ্গে কাটান প্রধানমন্ত্রী। দায়িত্ব পালনরত সদস্যদের সঙ্গে কথা বলে তাদের অভিজ্ঞতার কথা শোনেন এবং দায়িত্ব পালনে উৎসাহ দেন। পরে যুদ্ধক্ষেত্রের পরিবেশে তাৎক্ষণিকভাবে প্রস্তুত করা খাবার তাদের সঙ্গে বসে গ্রহণ করেন তিনি। মধ্যাহ্নভোজে ছিল সাদা ভাত, ডাল, আলুভর্তা, চিংড়ি মাছ ও ডিমের তরকারি। এ সময় সেনাসদস্যদের উদ্দেশে দেওয়া বক্তব্যে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, 'দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রতীক বাংলাদেশ সেনাবাহিনীর প্রতি মানুষের গভীর আস্থা রয়েছে। জাতীয় সংকট মোকাবিলা, দেশের নিরাপত্তা নিশ্চিত করা এবং আইনশৃঙ্খলা রক্ষায় সেনাবাহিনী বারবার পেশাদারিত্ব ও দেশপ্রেমের পরিচয় দিয়েছে।' তিনি বলেন, 'মানুষের এই আস্থা ধরে রাখতে আধুনিক প্রশিক্ষণ, প্রযুক্তির ব্যবহার এবং সর্বোচ্চ প্রস্তুতি বজায় রাখা জরুরি। সরকার সেনাবাহিনীর সক্ষমতা বৃদ্ধি ও আধুনিকায়নে প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতা অব্যাহত রাখবে।' নিজের ব্যক্তিগত স্মৃতির কথাও তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, 'তিনি একটি সেনা পরিবারে বেড়ে উঠেছেন। ফলে সেনাসদস্যদের কাছে এলে শৈশবের নানা স্মৃতি ফিরে আসে। তাদের সঙ্গে কথা বলতে এবং সময় কাটাতে তার ভালো লাগে বলে।' পরিদর্শনকালে তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন, প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলাম, সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, প্রধানমন্ত্রীর সামরিক সচিব মেজর জেনারেল আবুল হাসনাত মোহাম্মদ তারিকসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রীর কর্মসূচিতে যাওয়ার

মেঘনা নদীর চরে আটকে যায়। এজন্য নেতাকর্মীরা ট্রলার এবং বোর্ড যোগে চরে আটকে যাওয়া লঞ্চ থেকে ফিরছিলেন। এ সময় প্রায় ৩০ নেতাকর্মী নিয়ে একটি ট্রলার নদীর কিনারায় এসে ডুবে যায়। তিনি আরও বলেন, ট্রলার ডুবে গেলেও বড় ধরনের কোনো দুর্ঘটনা ঘটেনি। নেতাকর্মীদের কেউ আহত, নিহত বা নিখোঁজ হয়নি। তাদের নিরাপদে উদ্ধার করা হয়েছে।

নিজেদের পরিবেশ নিজেদেরই

উপকৃত হবো। আসুন এই বৃক্ষরোপণের মধ্যে দিনে প্রতিশ্রুতিবদ্ধ হই যে যার অবস্থান থেকে পরিবেশকে সুন্দর ও ভালো রাখতে সর্বোচ্চ চেষ্টা করবো। তিনি বলেন, 'গাছের চারা রোপণ করলেই দায়িত্ব শেষ হয়ে যাবে না, অনুরোধ করবো স্থানীয়সহ যারা চারা রোপণ করলেন তারা সবাই মিলে গাছগুলোর যত্ন নেবেন। গাছগুলো বড় হলে শুধু স্থানীয়রাই নয়, এখানে যারা আসেন তারাও উপকৃত হবেন।' এসময় প্রধানমন্ত্রীর সঙ্গে তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন, নৌ পরিবহন প্রতিমন্ত্রী মো. রাজিব আহসান, বরিশাল-৫ (সদর) আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মজিবর রহমান সরোয়ার, বরিশাল-৬ (বাকেরগঞ্জ) আসনের সংসদ সদস্য আবুল হোসেন খান, বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন, বরিশাল জেলা পরিষদের প্রশাসক আকন কুদ্দুসুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন। এর আগে সকাল সাড়ে ৯টার দিকে ঢাকা-কুয়াকাটা মহাসড়ক হয়ে বরিশালের গৌরনদীর ভূরঘাটা এলাকায় আসেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এসময় তার গাড়িবহরকে স্বাগত জানান স্থানীয় প্রশাসন ও বিএনপির নেতাকর্মীরা। সরকার গঠনের পর এটিই প্রধানমন্ত্রী হিসেবে তার প্রথম বরিশাল সফর। গৌরনদীতে বৃক্ষরোপণ কর্মসূচি ও ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচিতে অংশগ্রহণ শেষে বরিশাল নগরের উদ্দেশে যাত্রা করেন প্রধানমন্ত্রী। দুপুর ২টায় বরিশাল শহরের বান্দরোডে পৌঁছায় গাড়িবহর।

চার কোটি পরিবারকে কার্ড ও নারীদের

সংগঠনের কেন্দ্রীয়, বিভাগীয়, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের নেতৃবৃন্দ, বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, শিক্ষক, সুশীল সমাজের প্রতিনিধি এবং বিপুলসংখ্যক স্থানীয় বাসিন্দা উপস্থিত ছিলেন। উদ্বোধনী বক্তব্যে প্রধানমন্ত্রী বলেন, "বৃক্ষরোপণ করলেই দায়িত্ব শেষ হয়ে যায় না। আজ প্রায় আড়াই হাজার গাছের চারা রোপণ করা হবে। এসব গাছের পরিচর্যার দায়িত্বও আমাদের সবার।" তিনি আরও বলেন, "একটি শিশু জন্ম নেওয়ার পর যেমন পরিবার তাকে স্নেহ-যত্নে বড় করে তোলে, ঠিক তেমনি প্রতিটি গাছের চারাকেও নিয়মিত পরিচর্যা করতে হবে। পরিবেশ রক্ষা, জলবায়ুর ভারসাম্য বজায় রাখা এবং আগামী প্রজন্মের জন্য একটি বাসযোগ্য বাংলাদেশ গড়ে তুলতে ব্যাপক বৃক্ষরোপণের কোনো বিকল্প নেই। দেশের প্রতিটি মানুষকে এই আন্দোলনের অংশ হতে হবে।" বৃক্ষরোপণ শেষে দেশ, জাতি ও পরিবেশের কল্যাণ কামনায় দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। পরে সকাল ১১টায় ফ্যামিলি কার্ডের উপকারভোগীদের সঙ্গে আয়োজিত মতবিনিময় সভায় প্রধানমন্ত্রী বলেন, "নির্বাচনের আগে আমরা বলেছিলাম বিএনপি সরকার গঠন করলে সারা দেশে ৪ কোটি পরিবারকে ফ্যামিলি কার্ড দেওয়া হবে। আমরা আমাদের নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী ফ্যামিলি কার্ড বিতরণ শুরু করে দিয়েছি।" প্রধানমন্ত্রী জানান, আগামী পাঁচ বছরে দেশের ৪ কোটি পরিবারের নারী সদস্যদের হাতে পর্যায়ক্রমে ফ্যামিলি কার্ড পৌঁছে দেওয়া হবে। এর অংশ হিসেবে চলতি ২০২৬-২৭ অর্থবছরেই ৪১ লাখ পরিবারকে ফ্যামিলি কার্ড দেওয়া হবে। দেশের প্রতিটি উপজেলার ৭ হাজার পরিবারের নারী সদস্য এই কর্মসূচির আওতায় আসবেন এবং এ জন্য ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ রাখা হয়েছে। তিনি আরও বলেন, "বিএনপির পাশে যতক্ষণ জনগণ থাকবে, ততক্ষণ বিএনপি কোনো বাধা না মেনে দেশের স্বার্থে কাজ করে যাবে।" উপকারভোগীদের সঙ্গে মতবিনিময়কালে প্রধানমন্ত্রী সরকারি ভর্তুকি, খাদ্য সহায়তা ও সামাজিক নিরাপত্তা কর্মসূচির সুবিধা তারা যথাযথভাবে পাচ্ছেন কি না, সে বিষয়ে খোঁজখবর নেন এবং তাদের বিভিন্ন মতামত ও অভিজ্ঞতার কথা শোনেন। নারী শিক্ষার বিষয়ে প্রধানমন্ত্রী বলেন, "দেশনেত্রী বেগম খালেদা জিয়া প্রথম শ্রেণি থেকে একাদশ শ্রেণি পর্যন্ত নারীদের শিক্ষা অবৈতনিক করেছিলেন। তাঁকে অনুসরণ করেই বর্তমান বিএনপি নেতৃত্বাধীন সরকার প্রথম শ্রেণি থেকে স্নাতক (ডিগ্রি) পর্যন্ত নারীদের শিক্ষা অবৈতনিক করবে। একই সঙ্গে মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি দেওয়া হবে।" গৌরনদীর নির্ধারিত কর্মসূচি শেষে প্রধানমন্ত্রী সড়কপথে বরিশাল শহরের উদ্দেশে রওনা হন।

১ আগস্ট থেকে ১৫ মাস

টিকাদান কর্মসূচিতে 'টাইফয়েড কনজুগেট ভ্যাকসিন (টিসিভি)' অন্তর্ভুক্ত করা হচ্ছে। সোমবার (১৩ জুলাই) এক বিজ্ঞপ্তিতে স্বাস্থ্য অধিদপ্তরের সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই) সূত্রে এ তথ্য জানায়। ইপিআইয়ের নির্দেশনা অনুযায়ী, নিয়মিত টিকাদান কর্মসূচির আওতায় ১৫ মাস বয়সী সব শিশুকে এ টিকা দেওয়া হবে। টিকাপ্রাপ্তির স্থান : দেশের সব স্থায়ী এবং অস্থায়ী টিকাদান কেন্দ্র। টিকাদানের নিয়ম : শিশুকে বাম ঊরুর মধ্যভাগের বহিরাংশে মাংসপেশিতে শূন্য দশমিক ৫ মিলি মাত্রার এক ডোজ টিকা দেওয়া হবে। সহ-প্রদান : টিকাদান সেশনে এমআর-২ টিকার সঙ্গে টিসিভি একসঙ্গে দেওয়া যাবে। টিকা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ডিজিটাল ট্র্যাকিং ব্যবস্থা জোরদার করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, মাঠকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে ১৫ মাস বয়সী শিশুদের তালিকা তৈরি করবেন এবং 'VaxEPI' অ্যাপের মাধ্যমে নিবন্ধন নিশ্চিত করবেন। পাশাপাশি, অভিভাবকদের সচেতন করতে স্থানীয় জনপ্রতিনিধি, শিক্ষক, ইমাম এবং ধর্মীয় নেতাদের সম্পৃক্ত করে উঠান বৈঠক ও প্রচারণামূলক কার্যক্রম পরিচালনা করা হবে। উল্লেখ্য যে, দেশের শিশুদের স্বাস্থ্য সুরক্ষায় নিয়মিত টিকাদান কর্মসূচিতে নতুন ও কার্যকর টিকা যুক্ত করার ধারাবাহিকতায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সময়মতো বই দেওয়া

এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, 'আমার কাছে সব থেকে বেশি গুরুত্বপূর্ণ সময়মতো পাঠ্যবই দেওয়া। আমি সমালোচনামূলকভাবে কোনো বিশ্লেষণ বা কাউকে কোনো দোষারোপ করতে চাচ্ছি না। আমরা যখন ২০০১ সালে দায়িত্বে ছিলাম, তখন একটি প্রতিষ্ঠান এ বইগুলো ছাপাতো। আর কাউকে দেওয়া হতো না। সেসময়ে আমরা বিশ্বব্যাংকের অর্থায়নে কাজ করতাম। আমরা টাকা দিয়ে একজনকে চুক্তি করে দিয়ে দিতাম।' সোমবার (১৩ জুলাই) আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে কাগজকল মালিক ও ছাপাখানা মালিকদের সঙ্গে আলোচনা সভায় শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, 'আমি তখন ভেবে দেখলাম, আমাদের দেশে বাঁধাইকারী আছে, ছাপাখানা আছে, সেগুলো তো ধ্বংস হয়ে যাবে যদি একটি কোম্পানিকে চুক্তি দেওয়া হয়। আমি সেসময় ৬৫০টি ছাপাখানাকে কাজ দিয়েছিলাম। আমি চাই আমার শিল্প টিকে থাকুক এবং পাঁচ বছর আমরা ঠিকমতো বই পেয়েছিলাম।' কাগজকল মালিক ও ছাপাখানা মালিকদের উদ্দেশে এহছানুল হক মিলন বলেন, 'আমাদের উদ্দেশ্য একটি-বই দেওয়া। আপনাদেরও তাই। যখন যে পক্ষের কথা শুনি সেটাই ভালো লাগে। কাগজকল মালিকদের কথা শুনলেও ভালো লাগে, ছাপাখানা মালিকদের কথা শুনলেও ভালো লাগে। সবচেয়ে ভালো লাগে বই সময়মতো দিতে পারলে। আমার বিশ্বাস আছে বই আপনারা দেবেন। এই সরকার সবার সরকার, এই সন্তান সবার সন্তান। তারপর দাম, এগুলো নিয়ে আমরা বসেছি। আমরা চাই দুই টাকা কম হোক, বেশি হোক; লাভও দরকার নেই, লস দেওয়ারও দরকার নেই। আমরা বই পেতে চাই '

মডেল মসজিদ নির্মাণে

সরকারের সময়ে অর্থ লোপাটে বিভিন্ন প্রকল্প নেওয়া হয়েছিল। ইসলামের নামে, মসজিদের নামে তারা যা করেছে, সেটা গর্হিত কাজ। মডেল মসজিদের প্রকল্প ব্যয় ১৩ কোটি থেকে ২১ কোটিতে কীভাবে গেল, তা মসজিদওয়ারী তদন্ত পরিচালনার জন্য মন্ত্রণালয়কে নির্দেশ দেওয়া হবে। এর মধ্যে সরকারের অন্যান্য সংস্থাও জড়িত হতে পারে। সোমবার জাতীয় সংসদের প্রশ্নোত্তরে সরকারি দলের সংসদ সদস্য (নোয়াখালী-২) জয়নুল আবদিন ফারুকের সম্পূরক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন। ধর্মমন্ত্রী মোফাজ্জল হোসাইনের (কায়কোবাদ) পক্ষে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ সংসদে প্রশ্নের জবাব দেন। ডেপুটি স্পিকার কায়সার কামালের সভাপতিত্বে প্রশ্নোত্তর অনুষ্ঠিত হয়। জয়নুল আবদিন ফারুক সম্পূরক প্রশ্নে বলেন, 'বিগত ১৬ বছরে মডেল মসজিদের নামে ১৩ কোটি থেকে ২১ কোটি টাকা পর্যন্ত বাজেট হয়েছে। এ বিষয়গুলো তদন্ত করা দরকার। এত টাকার অপচয় হয়েছে। এখন নতুন মসজিদের দরকার নেই। যারা অতীতে ১৩ কোটিকে ২১ কোটি করেছে, সেই সব মসজিদ ভেঙে পড়েছে। আমার সেনবাগের মডেল মসজিদে প্রবেশ করা যায় না, পানি পড়ে। এ বিষয়ে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে কি না, তা জানতে চাই।' এ সময় ডেপুটি স্পিকার কায়সার কামাল বলেন, 'সেনবাগের যে অবস্থা আমার দুর্গাপুরের অবস্থা আরও ভয়াবহ। সামনে বিরাট বড় পুকুর, এর পেছনে মডেল মসজিদ, একটা ব্রিজ করে মডেল মসজিদে যেতে হবে। স্থানীয় লোকজন নাম দিয়েছে তাজমহল। মসজিদের সামনে বিরাট আকারে পুকুর থাকায় মানুষ নাম দিয়েছে দুর্গাপুরের তাজমহল। এটাতে প্রবেশ করতে ব্রিজ করতে হবে।' জবাবে ধর্মমন্ত্রীর পক্ষে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, 'বিগত আওয়ামী ফ্যাসিবাদী সরকারের সময়ে অর্থ লোপাটের বিভিন্ন প্রকল্প নেওয়া হয়েছিল। আমি বলছি না পদ্মা সেতুর মতো দুর্নীতি এখানে হয়েছে। তবে ইসলামের নামে, মসজিদের নামে তারা যা করেছে, সেটা গর্হিত কাজ। মডেল মসজিদ অত্যন্ত ভালো উদ্যোগ, কিন্তু মডেল মসজিদের জন্য প্রকল্প ব্যয়ের প্রাক্কলন যথাযথ হয়েছে কি না, সেটা যুক্তিসম্মত প্রশ্ন। ১৩ কোটির ব্যয় ২১ কোটিতে বৃদ্ধি হয়েছে।' স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'দেবপ্রিয় ভট্টাচার্য সাহেবের যে শ্বেতপত্র প্রকাশিত হয়েছে, তাতে বলা হয়েছে মেগা দুর্নীতির জন্য মেগা প্রকল্পের জন্য মেগা বাজেট নেওয়া হয়েছে। সেখানে পাঁচ বছর থেকে সাত বছর পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়েছে। প্রাক্কলিত ব্যয়ের কয়েক গুণ বৃদ্ধি করা হয়েছে। দুর্নীতি করার জন্য প্রাক্কলনের মধ্যে আগে ঢুকেছে। তারপরে দুর্নীতি হয়েছে, সময় বৃদ্ধি, ব্যয় বৃদ্ধি হয়েছে। এখন ১৩ কোটি থেকে ২১ কোটিতে কীভাবে গেল, মডেল মসজিদের প্রকল্প ব্যয়, কতটি মডেল মসজিদ ছিল, সেটা মসজিদওয়ারী তদন্ত পরিচালনার জন্য মন্ত্রণালয়কে নির্দেশ দেব। এর মধ্যে সরকারের অন্যান্য সংস্থাও জড়িত হতে পারে। এটা খুবই ন্যায্য প্রশ্ন।' নরসিংদী-১ আসনের সংসদ সদস্য খায়রুল কবির খোকনের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, প্রতিশ্রুতি অনুযায়ী ৪ হাজার ৬৮৩ জন ইমাম, ৪ হাজার ৩১২ জন মুয়াজ্জিন, ৩ হাজার ৭৮৪ জন খাদেম, ৫৮৬ জন পুরোহিত, ৪২২ জন সেবাইত, ৯৫ জন বৌদ্ধ অধ্যক্ষ, ৬৭ জন বৌদ্ধ উপাধ্যক্ষসহ ১৩ হাজার ৯৪৯ জনের অনুকূলে সম্মানী দেওয়া হয়েছে। সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী দেশের সব ধর্মীয় প্রতিষ্ঠানের ইমাম, মুয়াজ্জিন, খাদেম, পুরোহিত, সেবাইত, বৌদ্ধধর্মীয় প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও উপাধ্যক্ষের চলমান কর্মসূচির আওতায় আনা হবে।

দেনমোহর আদায়ে নীতিমালা

হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। আইন মন্ত্রণালয়ের সচিবসহ সংশ্লিষ্ট বিবাদীদের এ রুলের জবাব দিতে বলা হয়েছে। এ সংক্রান্ত রিটের প্রাথমিক শুনানি নিয়ে সোমবার (১৩ জুলাই) হাইকোর্টের বিচারপতি আহমেদ সোহেল ও বিচারপতি ফাতেমা আনোয়ারের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ রুল জারি করেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন রিটকারী আইনজীবী ব্যারিস্টার ফাহমিদা আখতার নিজে। শুনানিকালে হাইকোর্ট বলেন, ধর্মীয় রীতি বাদ দিয়ে লোক দেখানো দেনমোহর ধার্য করতে গিয়েই যতো সমস?্যা হচ্ছে। এ বিষয়ে ইসলামী শরিয়াহ আইনের বাইরে যাওয়া যাবে না বলেও আদালত মন্তব্য করেন। গত ৫ জুলাই বিয়ের সময় ধার্যকৃত দেনমোহর আদায়ে আদালতের পদ্ধতি ও নীতিমালা তৈরির নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়। জনস্বার্থে সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার ফাহমিদা আখতার রিটটি দায়ের করেন। রিটে কেন মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ, ১৯৬১-এর ১০নং ধারার অধীনে একটি ব্যাপক নির্দেশিকা প্রণয়ন ও জারি করার নির্দেশ দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারির আর্জি জানানো হয়। রিট আবেদনে আরও বলা হয়, বিয়ের তারিখের এক বছর পর প্রদত্ত দেনমোহরের মূল্যায়ন ও আদায়ের পদ্ধতি, নীতিমালা এবং উপায় নির্ধারণ করা থাকবে, যার উদ্দেশ্য হবে বিয়েতে নারীদের অধিকার ও আর্থিক স্বার্থ রক্ষা ও সংরক্ষণ করা। এছাড়া মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ, ১৯৬১-এর ১০নং ধারার অস্পষ্টতা দূর করে ন্যায়বিচার নিশ্চিত করার কথা বলা হয় রিটে।

হাম ও উপসর্গে মৃত্যু বেড়ে ৭৫৯

কীর্তনখোলা ডেস্ক

দেশে নতুন করে হামের উপসর্গে আরও একজনের মৃত্যু হয়েছে। তবে এ সময়ে হামে আক্রান্ত হয়ে কোনো মৃত্যু নেই। সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় (রোববার সকাল ৮টা থেকে সোমবার সকাল ৮টা পর্যন্ত) ১১৩ জনের হাম শনাক্ত হয়েছে। এ ছাড়া হামের উপসর্গ দেখা গেছে ৮৯৬ জনের। প্রতিবেদনে আরও বলা হয়, গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত সারা দেশে হামের উপসর্গে মারা গেছে ৬৬৫ জন। একই সময়ে নিশ্চিত হামে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে আরও ৯৪ জনের। সব মিলিয়ে হাম ও হামের উপসর্গে মোট ৭৫৯ জনের মৃত্যু হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত সন্দেহভাজন হাম রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ১২ হাজার ৩৭৬ জনে। তাদের মধ্যে নিশ্চিত হাম রোগী ১৩ হাজার ৬১৩ জন। একই সময় ৯৫ হাজার ১৯৬ জন হাসপাতালে ভর্তি হয়েছে। তাদের মধ্যে চিকিৎসা শেষে ৯১ হাজার ৪৮৩ জন বাড়ি ফিরেছে।

হারিয়েছে

আমি মুহাম্মদ ছিদ্দিকুর রহমান (MBBS)আমার BMDC-রেজিং নং ১৫৭৪৪ সহ মূল সার্টিফিকেট সনদ হারিয়েছে। চরফ্যাশন থানার জিডি নং ৮০, তারিখ: ০২/০৪/২০২৬ইং।

ডাঃ মুহাম্মদ ছিদ্দিকুর রহমান
৫ নং ওয়ার্ড, চরফ্যাশন পৌরসভা,
চরফ্যাশন, ভোলা।

ডাকাতির প্রস্তুতিকালে অস্ত্র

তিন সহযোগী মো. ফয়সাল (২৫), মো. ইব্রাহিম (২৫) ও মো. কামাল (৩০)। কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন বলেন, ডাকাতির প্রস্তুতিকালে স্থানীয় জনগণ কুখ্যাত ডাকাত ফিরোজ জামাদার ও তার তিন সহযোগীকে আটকে রেখে তাৎক্ষণিকভাবে বাংলাদেশ কোস্ট গার্ডকে অবহিত করে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কোস্ট গার্ড ওই এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে। অভিযানে ঘটনাস্থল থেকে ১টি দেশীয় একনলা বন্দুক, ৪ রাউন্ড তাজা কার্তুজ, ৩টি দেশীয় ধারালো অস্ত্র এবং ডাকাতির কাজে ব্যবহৃত ১টি কাঠের বোট জব্দ করা হয়। পরবর্তীতে স্থানীয় জনগণের সহায়তায় ওই চার ডাকাতকে আটক করা হয়। উদ্ধারকৃত অস্ত্র, গোলাবারুদ এবং আটককৃত ডাকাতদের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখতে কোস্ট গার্ডের এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলেও জানান এ কর্মকর্তা।

প্রতিবন্ধী নারী ধর্ষণ মামলার

অভিযুক্ত তাকে খাবার খাওয়ানোর কথা বলে মোটরসাইকেলে তুলে নিয়ে যান। পরে একটি নির্জন স্থানে নিয়ে তার ইচ্ছার বিরুদ্ধে ধর্ষণ করেন বলে মামলায় অভিযোগ করা হয়েছে। পরবর্তীতে ভুক্তভোগী বাড়িতে ফিরে পরিবারের সদস্যদের ঘটনাটি জানালে তার বড় বোন বাদী হয়ে বাউফল থানায় ধর্ষণ মামলা দায়ের করেন। স্থানীয় বাসিন্দারা জানান, ঘটনাটি এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি করেছিল। দীর্ঘদিন প্রধান অভিযুক্ত পলাতক থাকায় সাধারণ মানুষের মধ্যে উদ্বেগ ছিল। র‌্যাবের এই অভিযানে তাকে গ্রেপ্তার করায় তারা সন্তোষ প্রকাশ করেন এবং দ্রুত অভিযুক্তকে আইনের আওতায় আনার জন্য র‌্যাবের তৎপরতার প্রশংসা করেন। একই সঙ্গে তারা আশা প্রকাশ করেন, মামলার সুষ্ঠু তদন্ত ও বিচারিক প্রক্রিয়ার মাধ্যমে ভুক্তভোগী ন্যায়বিচার পাবেন। র‌্যাব-৮ সিপিসি-১ পটুয়াখালীর কোম্পানি অধিনায়ক স্কোয়াড্রন লিডার রাশেদ বলেন, ধর্ষণ একটি জঘন্য, ন্যক্কারজনক ও মানবতাবিরোধী অপরাধ। এ ধরনের অপরাধের সঙ্গে জড়িত কাউকে কোনোভাবেই আইনের হাত থেকে রক্ষা পাওয়ার সুযোগ নেই। ভুক্তভোগীর ন্যায়বিচার নিশ্চিত করতে ঘটনার পরপরই র‌্যাব ছায়া তদন্ত শুরু করে এবং গোয়েন্দা তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রধান অভিযুক্তের অবস্থান শনাক্ত করে তাকে গ্রেপ্তার করতে সক্ষম হয়। নারী ও শিশু নির্যাতনসহ সমাজে সংঘটিত সকল গুরুতর অপরাধ দমনে র‌্যাব সর্বোচ্চ পেশাদারিত্ব, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে কাজ করে যাচ্ছে এবং ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

ভাণ্ডারিয়ায় মাসিক আইন-শৃঙ্খলা

আলোচনা করা হয়। এসময় সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. হাসিবুল হাসান এর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন,উপজেলা সহকারী কমিশনার (ভূমি) উজ্জ্বল হালদার, ওসি দেওয়ান জগলুল হাসান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ ইব্রাহিম, ইউপি চেয়ারম্যান মেজবা উদ্দিন আরিফ জোমাদ্দার, গৌরীপুর ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান ইউপি সদস্য আ. রহমান, শাহাবুদ্দিন সিনিয়র ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ আব্দুর রহিম, পৌর বিএনপির আহ্বায়ক আব্দুল মান্নান হাওলাদার প্রমূখ।

বৃষ্টিতে ছাতা মাথায় পরীক্ষা দিলেন

ধরে সংস্কার না হওয়ায় এখন ঝুঁকিপূর্ণ ও জরাজীর্ণ অবস্থায় রয়েছে। বর্ষা মৌসুমে ছাদ থেকে পানি পড়ায় শিক্ষক শিক্ষার্থীদের নিয়মিত দুর্ভোগ পোহাতে হয়। এছাড়া নির্মাণাধীন নতুন ভবনের কাজ এখনও শেষ না হওয়ায় সেটি ব্যবহার করা সম্ভব হচ্ছে না। কোটখালী ফাজিল ডিগ্রি মাদরাসার অধ্যক্ষ মাওলানা নজির আহমেদ বলেন, যে কক্ষটিতে পরীক্ষা নেওয়া হয়েছে সেটি আমাদের গুরুত্বপূর্ণ একটি শ্রেণিকক্ষ। ভারী বৃষ্টি হলে ছাদ দিয়ে পানি পড়ে, এতে শিক্ষার্থীরা ভোগান্তিতে পড়ে। তবে আমাদের নতুন ভবনের কাজ প্রায় শেষ। আশা করছি, এক মাসের মধ্যেই নতুন ভবনে কার্যক্রম শুরু করতে পারব। তখন এ সমস্যার সমাধান হবে।

স্বাধীনতার ৫৭ বছরেও পাকা

জানিয়েছেন স্থানীয়রা। স্থানীয় সূত্রে জানা গেছে, ভরিপাশা ও তালতলী এলাকায় ভরিপাশা মাধ্যমিক বিদ্যালয়, তালতলী-ভরিপাশা দাখিল মাদ্রাসাসহ মোট সাতটি শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে তিনটি সরকারি এবং চারটি এমপিওভুক্ত। এছাড়া এলাকাবাসীর যাতায়াতের জন্য একটি খেয়াঘাট ও একটি লঞ্চঘাট রয়েছে। এলাকাবাসীর অভিযোগ, বর্ষা মৌসুমে কাঁচা সড়কটি কাদা ও পানিতে তলিয়ে যাওয়ায় শিক্ষার্থী, কৃষক ও সাধারণ মানুষের চলাচল প্রায় অচল হয়ে পড়ে। যানবাহন চলাচল বন্ধ থাকায় শিক্ষার্থীরা নিয়মিত শিক্ষাপ্রতিষ্ঠানে যেতে পারে না, ফলে তাদের পড়াশোনায় ব্যাঘাত ঘটে। একই সঙ্গে অসুস্থ রোগীকে দ্রুত হাসপাতালে নেওয়াও কঠিন হয়ে পড়ে। প্রায়ই ছোট-বড় দুর্ঘটনার ঘটনাও ঘটে। স্থানীয়দের দাবি, আধুনিক যুগেও জনপ্রতিনিধিদের উদাসীনতার কারণে এলাকাটি উন্নয়ন থেকে বঞ্চিত রয়েছে এবং দীর্ঘদিন ধরে বৈষম্যের শিকার হচ্ছে। ভরিপাশা এলাকার শিক্ষক বশির উল্লাহ বলেন, বর্ষাকালে রাস্তাঘাটের বেহাল অবস্থার কারণে শিক্ষার্থীরা নিয়মিত ক্লাসে অংশ নিতে পারে না। আবহাওয়া খারাপ থাকলে বিদ্যালয়ে স্বাভাবিকভাবে পাঠদানও ব্যাহত হয়। স্থানীয় বাসিন্দা আবু জাফর মিঠুন বলেন, স্বাধীনতার এত বছর পরও এই ওয়ার্ডে এক ইঞ্চি সড়কও পাকা হয়নি। সাতটি শিক্ষাপ্রতিষ্ঠান ও একটি লঞ্চঘাট থাকার পরও যোগাযোগ ব্যবস্থার কোনো উন্নয়ন হয়নি। জনপ্রতিনিধিদের উদাসীনতায় আমরা দীর্ঘদিন ধরে অবহেলিত। এ বিষয়ে বাউফল উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সালেহ আহমেদ বলেন, সড়কগুলো স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) আইডিভুক্ত না থাকায় এখন পর্যন্ত পাকাকরণ সম্ভব হয়নি। তবে সড়কগুলো দ্রুত গেজেটে অন্তর্ভুক্ত করার প্রক্রিয়া চলছে। আইডিভুক্তির পর জেলা এলজিইডির সঙ্গে আলোচনা করে সড়ক পাকাকরণের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

বজ্রপাতে নদীতে পড়ে ট্রলার

হয়েছে। একই সঙ্গে নিখোঁজ রুবেল হাওলাদারকে উদ্ধারে স্থানীয় জেলেরা তল্লাশি চালাচ্ছেন। প্রতিবেদন লেখা পর্যন্ত রুবেল হাওলাদারের কোনো সন্ধান পাওয়া যায়নি। বড়বাইশদিয়া ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান আবু জাফর ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, বজ্রপাতে ট্রলার থেকে নদীতে পড়ে একজন জেলে নিখোঁজ হয়েছেন এবং তিনজন আহত হয়েছেন। নিখোঁজ জেলেকে উদ্ধারে চেষ্টা চলছে। রাঙ্গাবালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জসিম উদ্দিন বলেন, বিষয়টি পুলিশ পর্যবেক্ষণ করছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো. খায়রুল হাসান বলেন, ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে কোস্টগার্ডকে উদ্ধার অভিযান শুরু করার জন্য অবহিত করা হয়েছে।

পিরোজপুর জেলা প্রশাসকের

গেছে, পিতামাতাহীন সুহানি আক্তার ২০১৫ সালে সরকারি শিশু পরিবারে আশ্রয় পান। সেখানেই বেড়ে ওঠেন এবং প্রাপ্তবয়স্ক হওয়ার পর পিরোজপুর সদর উপজেলার জুজখোলা গ্রামের রাকিব শেখের সঙ্গে এক লাখ এক টাকা দেনমোহরে তার বিয়ে সম্পন্ন হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রশাসক অধ্যক্ষ আলমগীর হোসেন, সমাজসেবা অধিদপ্তর পিরোজপুরের উপপরিচালক মো. ইকবাল করিম,সরকারি শিশু পরিবারের উপ-তত্ত্বাবধায়ক শাবানা খানম, জেলা বিএনপির আহ্বায়ক নজরুল ইসলাম খান, সদস্য সচিব সাইদুল ইসলাম কিসমতসহ জেলা প্রশাসন ও সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও আমন্ত্রিত অতিথিরা।

নেছারাবাদে পৃথক অভিযানে

থেকে উদ্ধার করা হয়েছে ১০০ গ্রাম গাঁজা। এছাড়া মাদক সেবনের অভিযোগে আদর্শ বয়া গ্রামের মো. ইকবাল হোসেনের ছেলে মো. শাহেদ (২০), মো. বাদল মিয়ার ছেলে মো. শাহজাদা (১৬) এবং মধ্যকরফা গ্রামের মো. সোহাগ হোসেনের ছেলে মো. জাকারিয়া (২০)-কে গ্রেফতার করা হয়েছে। পুলিশ জানায়, পিরোজপুরের পুলিশ সুপার (এসপি) মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী মহোদয় এর নির্দেশনায় জেলায় মাদকের বিরুদ্ধে ‘জিরো টলারেন্স’ নীতি বাস্তবায়নে কঠোর অভিযান পরিচালনা করা হয়। অভিযানে পৃথক স্থান থেকে পাঁচজনকে গ্রেপ্তার করা হয়। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। তাদের পিরোজপুর আদালতের মাধ্যমে কারাগারে পাঠানোর প্রক্রিয়া চলমান রয়েছে। নেছারাবাদ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মেহেদী হাসান বলেন, তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক মামলা দায়ের করে বিজ্ঞ আদালতে পাঠানো হয়েছে। তিনি আরও বলেন, মাদক, সন্ত্রাস ও অন্যান্য অপরাধ দমনে আশুলিয়া থানা পুলিশের নিয়মিত অভিযান অব্যাহত রয়েছে। অপরাধমুক্ত ও নিরাপদ সমাজ গঠনে আমরা সর্বোচ্চ আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করে যাচ্ছি।

সাপের কামড়ে তিন

শিশুটির চিৎকার শুনে স্বজনরা ছুটে এসে তাকে উদ্ধার করেন। পরে দ্রুত ভাণ্ডারিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়। হাসপাতালে নেওয়ার পর কর্তব্যরত চিকিৎসক ও আবাসিক মেডিকেল কর্মকর্তা (আরএমও) ডা. মো. কামাল হোসেন শিশুটিকে মৃত ঘোষণা করেন। স্থানীয় ইউপি সদস্য মো. মোস্তফা কামাল বলেন, সাপ কামড়ানোর পর পরিবারের সদস্যরা কোনো সময় নষ্ট না করে শিশুটিকে দ্রুত হাসপাতালে নিয়ে যান। কিন্তু সেখানে পৌঁছানোর পর চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এদিকে বর্ষা মৌসুমে সাপের উপদ্রব বৃদ্ধি পাওয়ায় স্থানীয় সচেতন মহল বাড়ির আঙিনা ও আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, ঝোপঝাড় পরিষ্কার করা এবং শিশুদের প্রতি সার্বক্ষণিক নজর রাখার আহ্বান জানিয়েছেন। পাশাপাশি সাপের কামড়ের ঘটনায় কোনো ধরনের কুসংস্কারে বিশ্বাস না করে দ্রুত কাছের হাসপাতালে নেওয়ার পরামর্শ দিয়েছেন তারা।

ভোলায় ১২০০ কিলোমিটার সড়কের

হাওলাদার মার্কেট পর্যন্ত প্রায় ১০ কিলোমিটার সড়ক, জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের সড়ক, দরগাহ রোড থেকে আলীনগর মাদরাসা বাজার সড়ক এবং সার্কিট হাউস থেকে চরছিফলী সড়কসহ জেলার গুরুত্বপূর্ণ সড়কের খুবই বেহালদশা। এসব গর্তে পানি জমে থাকায় হেঁটেও চলাচল কষ্টকর হয়ে পড়েছে। এছাড়া যানবাহনের ক্ষয়ক্ষতি এড়াতে এসব সড়কে যাত্রী পরিবহন কমিয়ে দিয়েছেন চালকরা। চলাচলের বিকল্প উপায় আরও বেশি ভোগান্তির হওয়ায় এবং সচরাচর গাড়ি না পাওয়ায় ঝুঁকি নিয়ে এসব সড়কে অতিরিক্ত ভাড়া দিয়ে চলাচল করতে বাধ্য হচ্ছে স্থানীয়দের। গন্তব্যে পৌঁছাতেও লাগছে দ্বিগুণেরও বেশি সময়। এলজিইডি সূত্রে জানা যায়, জেলার ৭ উপজেলায় মানুষের চলাচলের জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীনে মোট ৫ হাজার ৬০০ কিলোমিটার সড়ক রয়েছে। এর মধ্যে প্রায় ২ হাজার ৬০০ কিলোমিটার পাকা সড়ক। দীর্ঘদিন সংস্কার না হওয়ায় প্রায় ১ হাজার ২০০ কিলোমিটার সড়ক এখন চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। পশ্চিম ইলিশা ইউনিয়নের বাসিন্দা আব্দুল খালেক বলেন, কয়েক বছর ধরে ভদ্রেরপোল-হাওলাদার মার্কেট সড়কের অবস্থা খুবই খারাপ। বড় বড় গর্ত ও পানি জমে থাকায় পায়ে হেঁটেও চলাচল করা যায় না। প্রতিদিন হাজারো মানুষ দুর্ভোগ পোহাচ্ছেন। স্থানীয় বাসিন্দা ইসমাইল নুর বলেন, সড়কটি এখন মৃত্যুফাঁদে পরিণত হয়েছে। যানবাহন চলাচল কমে যাওয়ায় প্রয়োজনীয় কাজেও সময়মতো গন্তব্যে পৌঁছানো যায় না। অসীম ও জাকির নামে দুই বাসিন্দা বলেন, বাধ্য হয়েই ঝুঁকি নিয়ে এই সড়ক ব্যবহার করতে হচ্ছে। প্রায়ই দুর্ঘটনা ঘটছে। অনেক মানুষ আহত হচ্ছেন, কেউ কেউ পঙ্গুত্বও বরণ করছেন। এ অবস্থায় আর কতদিন কাটাতে হবে? শিক্ষার্থী অন্তর ও নাজিব জানায়, বৃষ্টির দিনে কাদা-পানির কারণে স্কুলে যেতে অনেক কষ্ট হয়। অনেক সময় পোশাক নষ্ট হয়ে যায়। শিক্ষার্থীদের অভিভাবক পলাশ ও বাবুল বলেন, যুবক, নারী শিশু ও বৃদ্ধ কেউই এই সড়কে নিরাপদ না। হেঁটে যাওয়ার সময় পোশাক কাদাপানি লেগে নষ্ট হয়ে যাচ্ছে। সময়মতো পাওয়া যাচ্ছে না যাত্রীবাহী যানবাহন। ভাড়া বেশি দেওয়ার কথা বললেও অনেক চালক গাড়ি নিয়ে আসেন না। এতে শিক্ষার্থীদের নিয়ে দুশ্চিন্তায় থাকেন অভিভাবকরাও। পণ্যবাহী ও যাত্রীবাহী গাড়িচালক সাজু, ইমাম হোসেন, জাকারিয়া বেলাল ও আরিফ বলেন, বড় বড় গর্তে গাড়ি আটকে যায়, প্রায়ই যন্ত্রাংশ নষ্ট হয়। অনেক সময় একটি ট্রিপে যা আয় হয়, তার চেয়ে বেশি টাকা মেরামতে ব্যয় করতে হয়। সহজ চলাচলের মাধ্যম না থাকায় বাধ্য হয়েই এসব সড়কে গাড়িতে চালাতে হচ্ছে। স্থানীয় ব্যবসায়ী ঝিলন ও খলিলুর রহমান বলেন, ভাঙাচোরা সড়কের কারণে ব্যবসায় বড় ধরনের ক্ষতি হচ্ছে। শুধুমাত্র রাস্তার কারণে পরিবহন সংকটে পণ্য আনা-নেওয়া ব্যাহত হচ্ছে, এতে ব্যবসা টিকিয়ে রাখাই কঠিন হয়ে পড়েছে। ভোলা জেলা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ এমদাদুল হক বলেন, ভোলায় এলজিইডির উন্নয়ন কাজের প্রায় ৭০ কোটি টাকা বকেয়া রয়েছে। এই অর্থ পরিশোধ এবং নতুন বরাদ্দ ছাড়া বড় পরিসরে সংস্কারকাজ শুরু করা সম্ভব হচ্ছে না। এসব সড়ক সংস্কারের জন্য নতুন প্রকল্প এবং বরাদ্দ প্রয়োজন। এদিকে অতিদ্রুত প্রকল্প প্রণয়নের মাধ্যমে ভোলার ১২০০ কিলোমিটার সড়ক সংস্কারে উদ্যোগ নেবে সরকার, লাঘব হবে দীর্ঘদিনের ভোগান্তির। এমনটাই প্রত্যাশা ভোলাবাসীর।

টানা ভারী বর্ষণে চরফ্যাশনে

পানির নিচে চলে যাওয়ায় স্বাভাবিক যোগাযোগ ব্যাহত হচ্ছে। উপজেলার বিচ্ছিন্ন দ্বীপ ইউনিয়ন কুকুরীমুকরী, মুজিবনগর, চর মানিকা, হাজারীগঞ্জ ও জাহানপুরসহ বিভিন্ন এলাকায় রাস্তাঘাটের ব্যাপক ক্ষয়ক্ষতির খবর পাওয়া গেছে। কাঁচা সড়ক কর্দমাক্ত হয়ে পড়ায় শিক্ষার্থী, কর্মজীবী মানুষ ও রোগীদের চলাচলে চরম দুর্ভোগ সৃষ্টি হয়েছে। বসতবাড়ির আঙিনায় পানি জমে নিম্নআয়ের পরিবারগুলোও ভোগান্তিতে পড়েছে। পানিবন্দী গৃহবধূ রাশেদা বেগম বলেন, ‘ঘরের ভেতর হাঁটুপানি। ছোট ছোট সন্তানদের নিয়ে খুব কষ্টে আছি। নিজের ঘরে থাকতে পারছি না, অন্যের বাড়িতে আশ্রয় নিতে হয়েছে। রান্নাবান্নাও করতে পারছি না। দ্রুত সরকারি সহযোগিতা চাই।’ কৃষকেরা জানান, অতিরিক্ত বৃষ্টিতে আমনের বীজতলা ও সবজির জমি তলিয়ে যাওয়ায় উৎপাদন নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। দীর্ঘ সময় পানি জমে থাকলে ক্ষতির পরিমাণ আরও বাড়তে পারে। চর মানিকা ইউনিয়নের কৃষক হারুন অর রশিদ বলেন, ‘আমার আমনের বীজতলা এবং শসা, করলা, কাঁচামরিচসহ বিভিন্ন সবজির ক্ষেত পানিতে তলিয়ে গেছে। বৃষ্টি অব্যাহত থাকলে বড় ধরনের লোকসান হবে। ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য সরকারি সহায়তা প্রয়োজন।’ অন্যদিকে টানা বর্ষণে মাছের ঘেরের বাঁধ উপচে পানি ঢুকে পড়ায় মুহূর্তেই লাখ লাখ টাকার মাছ নদী ও খালে চলে গেছে। এতে ব্যাংক ও এনজিও থেকে ঋণ নিয়ে মাছ চাষ করা অনেক খামারি চরম আর্থিক সংকটে পড়েছেন। স্থানীয় মাছচাষি মো. ইয়াছিন মুন্সি বলেন, ‘গত ৩০ বছরে এমন বৃষ্টি দেখিনি। কয়েক ঘণ্টার মধ্যেই আমার ঘেরের সব মাছ ভেসে গেছে। কয়েক লাখ টাকার ক্ষতি হয়েছে।’ আরেক মাছচাষি মো. নুর উদ্দিন ফরাজি বলেন, ‘এখন নদীতে জেলেদের জালে আমাদের পুকুরের রুই-কাতলা উঠছে। এটা আমাদের জন্য খুবই কষ্টের। সারা বছরের পরিশ্রম এক বৃষ্টিতেই শেষ হয়ে গেল।’ চর মাদ্রাজ ইউনিয়নের মৎস্যচাষি মোহাম্মদ ফোরকান বলেন, ‘সাত বছর ধরে মাছ চাষ করছি। কিন্তু এবারই সবচেয়ে বড় ক্ষতির মুখে পড়েছি। আমার তিনটি খামার পানিতে তলিয়ে গিয়ে প্রায় ৮ থেকে ৯ লাখ টাকার মাছ ভেসে গেছে। সরকারি সহযোগিতা পেলে আবার নতুন করে ঘুরে দাঁড়ানোর চেষ্টা করব।’ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জয়ন্ত কুমার অপু জানান, প্রাথমিক হিসেবে চরফ্যাশনে ২ হাজার ৩৬০ জন মৎস্যচাষি ক্ষতিগ্রস্ত হয়েছেন। উপজেলার ৩ হাজার ৬৭১টি ছোট-বড় মৎস্য খামার, যার মোট আয়তন প্রায় ২১৮ হেক্টর, পানিতে তলিয়ে গেছে। এতে প্রায় ২৭২ মেট্রিক টন মাছ ও পোনা ভেসে গেছে। প্রাথমিক হিসাবে ক্ষতির পরিমাণ প্রায় ৫ কোটি ৪০ লাখ টাকা। ক্ষয়ক্ষতির বিস্তারিত তথ্য সংগ্রহ ও হালনাগাদের কাজ চলমান। উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ নাজমুল হুদা বলেন, প্রাথমিকভাবে প্রায় ১ হাজার ২১০ হেক্টর সবজির জমি এবং ১৭০ হেক্টর আমনের বীজতলা জলাবদ্ধতার কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত ফসলের মধ্যে রয়েছে শসা, করলা, মিষ্টিকুমড়া, লাউ, কাঁচামরিচ, বরবটি ও ধুন্দলসহ বিভিন্ন মৌসুমি সবজি। পানি দ্রুত নেমে গেলে অধিকাংশ ফসল পুনরুদ্ধারের সম্ভাবনা রয়েছে। তবে বৃষ্টি অব্যাহত থাকলে ক্ষতির পরিমাণ আরও বাড়তে পারে। কৃষি বিভাগের কর্মকর্তারা মাঠপর্যায়ে পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন এবং ক্ষতিগ্রস্ত কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ ও কারিগরি সহায়তা দিচ্ছেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা রুমানা আফরোজ বলেন, উপজেলা প্রশাসন সার্বক্ষণিকভাবে পরিস্থিতি পর্যবেক্ষণ করছে। যেসব এলাকায় পানি জমেছিল, সেখানে ধীরে ধীরে পানি নেমে যাচ্ছে। কৃষক ও মৎস্যচাষিদের ক্ষয়ক্ষতির বিষয়টি মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশনা দেওয়া হয়েছে। কোথাও জলাবদ্ধতা বা প্রাকৃতিক দুর্যোগে মানুষ ক্ষতিগ্রস্ত হলে প্রয়োজনীয় সরকারি সহায়তা দ্রুত নিশ্চিত করা হবে। এদিকে আবহাওয়া অনুকূলে না এলে এবং ভারী বৃষ্টিপাত অব্যাহত থাকলে চরফ্যাশনের কৃষি ও মৎস্য খাতে ক্ষয়ক্ষতির পরিমাণ আরও বাড়তে পারে বলে আশঙ্কা করছেন সংশ্লিষ্টরা। স্থানীয় বাসিন্দারা দ্রুত পানি নিষ্কাশন, ক্ষতিগ্রস্ত সড়ক সংস্কার এবং ক্ষতিগ্রস্ত কৃষক ও মৎস্যচাষিদের জন্য জরুরি সরকারি সহায়তার দাবি জানিয়েছেন।

কলাপাড়ায় মসজিদ ভেঙে যাওয়ায়

জানিয়েছেন। মসজিদের মুসল্লিদের মধ্যে মো. ইসমাইল আকন ও জহিরুল ইসলাম বলেন, দুই বছর আগে স্থানীয়রা প্রতিষ্ঠা করেছিলেন মসজিদটি। নিয়মিত নামাজ আদায় করতেন তারা। গত শুক্রবার (১০ জুলাই) আসর নামাজ আদায়ের পরে হঠাৎ করে মসজিদের পাটাতন ভেঙে মুসল্লিদেরসহ পানিতে পড়ে যায়। কাছাকাছি কোনো মসজিদ না থাকায় বর্তমানে সড়কের মাঝেই নামাজ আদায় করতে হয় তাদের। তবে মসজিদটি দ্রুত মেরামতের জন্য তাদের পাশে মানবিক মানুষ যুবনেতা সুমন গাজী এসে দাঁড়ালে মুসল্লিদের মাঝে স্বস্তি ফিরে আসে। বাইতুল মামুর জামে মসজিদের ইমাম ও খতিব মাওলানা আব্দুর রহমান এবং মসজিদ কমিটির সহ-সভাপতি মবিরুল ইসলাম জানান, মসজিদটি নির্মাণের সময় নিচে পানি থাকায় পাটাতন দিয়ে তৈরি করা হয়েছিল। কাঠ নষ্ট হয়ে যাওয়ার কারণে পাটাতন ভেঙে গিয়েছে। এখন নামাজ আদায় করা খুবই কষ্টকর হয়ে গেছে। বালু দিয়ে ভরাট করে মসজিদটি সংস্কারের জন্য সরকারি সহযোগিতা ও বিত্তবানদের কাছে অনুরোধ জানান তারা। কলাপাড়া উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক ও টিয়াখালী ইউনিয়নের সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী মো. সুমন গাজী বলেন, মধ্য রজপাড়া বাইতুল মামুর জামে মসজিদটি ভেঙে যাওয়ায় সড়কের মাঝে মুসল্লিদের নামাজ আদায় করতে অনেক কষ্ট হয়। তিনি নিজস্ব অর্থায়নে মসজিদটি সংস্কারের উদ্যোগ নিয়েছেন। এতে মুসল্লিরা অনেক আনন্দ প্রকাশ করেছেন। কলাপাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আরিফুজ্জামান জানান, এ বিষয়ে লিখিত আবেদন দিলে সরকারি বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

ডেঙ্গু প্রকোপের মধ্যে সবচেয়ে

অনুযায়ী, নতুন করে জেলায় নতুন করে ডেঙ্গু আক্রান্ত হয়েছেন ৪ জন। আর এই মৌসুমে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৩০৫ জনে। বর্তমানে জেলার বিভিন্ন হাসপাতালে ভর্তি আছেন ২২ জন রোগী। যার মধ্যে বরগুনার ২৫০ শয্যা হাসপাতালে ১৩ জন, পাথরঘাটায় ৪ জন, তালতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৩ জন এবং বামনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ২ জন চিকিৎসাধীন রয়েছেন। স্থানীয়দের দাবি, এখনই কার্যকর পদক্ষেপ না নিলে পরিস্থিতি আবারও ভয়াবহ রূপ নিতে পারে। বরগুনা সিভিল সার্জন ডা. মোহাম্মদ আবুল ফাত্তাহ: সারা দেশের মতো বরগুনাতেও ডেঙ্গু প্রাদুর্ভাব দেখা দিয়েছে। তবে এটি যেন মহামারীতে রূপ না নেয়, সে জন্য আমরা সর্বোচ্চ সতর্ক আছি। জেলার সব উপজেলায় স্বাস্থ্যকর্মীদের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। উপসর্গ দেখা দিলে দ্রুত হাসপাতালে পাঠানো এবং আক্রান্তদের আইসোলেশনে রেখে চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে। সময়মতো সঠিক পদক্ষেপ নেওয়ার মাধ্যমে বরগুনায় ডেঙ্গু বিস্তার নিয়ন্ত্রণে রাখা সম্ভব হবে আশা করছেন জেলার স্বাস্থ্য বিভাগের এ কর্মকর্তা।

ঝালকাঠিতে দুই স্ত্রী নিয়ে

তিন মাস করে এবং স্বামীকে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। রোববার (১২ জুলাই) রাতে উপজেলার গালুয়া ইউনিয়নের পশ্চিম কানুদাসকাঠি গ্রামে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. শামীম রেজা সজীবের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। দণ্ডপ্রাপ্তরা হলেন- পশ্চিম কানুদাসকাঠি গ্রামের মৃত সামছু সরদারের ছেলে মো. কালাম সরদার এবং তার দুই স্ত্রী মোছা. রূপিয়া বেগম ও মোছা. শিউলী বেগম। উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, কালাম সরদার দীর্ঘদিন ধরে তার দুই স্ত্রীকে সঙ্গে নিয়ে এলাকায় ইয়াবাসহ বিভিন্ন মাদকদ্রব্যের কারবার পরিচালনা করে আসছিলেন। এতে স্থানীয় যুবসমাজ মাদকের দিকে ঝুঁকে পড়ছে- এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়। অভিযানের সময় তাদের বসতবাড়িতে তল্লাশি চালিয়ে মাদক সেবনের বিপুল পরিমাণ উপকরণ এবং ১৩ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের সংশ্লিষ্ট ধারায় বিচার কার্যক্রম পরিচালনা করা হয়। আদালতে অপরাধ স্বীকার করায় মোছা. রূপিয়া বেগম ও মোছা. শিউলী বেগমকে তিন মাস করে এবং মো. কালাম সরদারকে ছয় মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. শামীম রেজা সজীব বলেন, ‘গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের আটক করা হয় এবং ১৩ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তাদের কারাদণ্ড দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, সরকারের ‘জিরো টলারেন্স’ নীতির অংশ হিসেবে মাদকবিরোধী অভিযান আরও জোরদার করা হবে। বিশেষ করে যুবসমাজকে মাদকের ভয়াবহতা থেকে রক্ষা করতে এবং রাজাপুর উপজেলাকে মাদকমুক্ত রাখতে নিয়মিত অভিযান ও কঠোর আইনগত ব্যবস্থা অব্যাহত থাকবে।

জেন-জি বিক্ষোভে ফের উত্তাল

করেছেন। তাদের মধ্যে ইতোমধ্যে দু’জন মারা গেছেন এবং তৃতীয়জন গুরুতর দগ্ধ অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এই ঘটনার পর ‘বালেন’ নামে জনপ্রিয় দেশটির প্রধানমন্ত্রী বালেন শাহর পদত্যাগের দাবি আরও জোরালো হয়েছে। বিক্ষোভকারীরা রাজধানী কাঠমান্ডুর রাস্তায় নেমে আন্দোলন করছেন। দেশটির প্রধান বিরোধী দল নেপালি কংগ্রেস সরকারের তীব্র সমালোচনা করে বলেছে, দেশের তরুণদের মনে আশা ও আস্থা জাগাতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে বালেন্দ্র শাহর সরকার। দেশটির তরুণ প্রজন্মের সংগঠন ‘জেন-জি নেপাল’ প্রধানমন্ত্রী বালেন শাহর বিরুদ্ধে গণবিরোধী ও স্বৈরাচারী কায়দায় সরকার পরিচালনার অভিযোগ করেছে। সংগঠনটি বলেছে, তরুণদের কর্মসংস্থান বৃদ্ধি এবং আয় বাড়ানোর লক্ষ্যে সরকারের বাজেট ও নীতিমালায় বাস্তবসম্মত কোনও পদক্ষেপ নেওয়া হয়নি। দেশটিতে নতুন করে সরকারবিরোধী বিক্ষোভ ছড়িয়ে পড়ায় ২০২৩ সালে প্রেম আচার্য নামের এক ব্যক্তির আত্মাহুতির বিষয়টি আবারও জনসমক্ষে আলোচনার কেন্দ্রে চলে এসেছে। সেই সময় কাঠমান্ডুর তৎকালীন মেয়র বালেন্দ্র ‘বালেন’ শাহ ওই ঘটনাকে ‘রাষ্ট্রের চরম ব্যর্থতা’ বলে অভিহিত করেছিলেন। বর্তমান পরিস্থিতি নিয়ে তার রহস্যজনক নীরবতা এখন বিরোধী দল এবং বিক্ষোভকারী উভয় পক্ষের কাছ থেকেই তীব্র সমালোচনার জন্ম দিচ্ছে। সর্বশেষ এসব ঘটনা তরুণদের অবনতিশীল মানসিক স্বাস্থ্য, ক্রমবর্ধমান বেকারত্ব এবং সরকারি নীতিমালার কার্যকারিতা নিয়ে উদ্বেগ নতুন করে বাড়িয়ে দিয়েছে। দেশটির বিভিন্ন রাজনৈতিক দল এবং নাগরিক সমাজ সতর্ক করে বলেছে, সরকার যদি এসব সমস্যা সমাধানে দ্রুত কোনও কার্যকর পদক্ষেপ না নেয়, তাহলে এই বিক্ষোভ আরও ভয়াবহ আকার ধারণ করতে পারে। ২০২২ সালে মেয়র হওয়ার পর বালেন শাহ শহর পরিচ্ছন্নতা, ঐতিহ্য সংরক্ষণ এবং দুর্নীতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার মাধ্যমে বেশ সুনাম কুড়িয়েছিলেন। সেই সময় অবৈধ স্থাপনা উচ্ছেদের কারণে যানজট পরিস্থিতির উন্নতি হলেও রাস্তার পাশের হকার এবং বস্তিবাসীদের কাছ থেকে তাকে তীব্র বিরোধিতার সম্মুখীন হতে হয়েছিল। তবে বালেন শাহর প্রভাব কেবল প্রশাসনিক কর্মকাণ্ডের মধ্যেই সীমাবদ্ধ ছিল না। গত বছরের সেপ্টেম্বর মাসে দেশজুড়ে চলা বিক্ষোভের সময় তার গাওয়া গানগুলো তরুণদের মাঝে ব্যাপক আলোড়ন সৃষ্টি করে। সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে নিষেধাজ্ঞা, বেকারত্ব, দুর্নীতি এবং ধীরগতির অর্থনীতির বিরুদ্ধে মানুষের ক্ষোভের কারণে সৃষ্ট ওই আন্দোলনে অন্তত ৭৭ জন নিহত হন। সেই সময় আন্দোলনকারীরা বালেনের ‘নেপাল হাসেকো’ (হাসছে নেপাল) গানটিকে তাদের প্রতিবাদের প্রতীক বানিয়েছিলেন। পরবর্তীতে গত ৫ মার্চের সাধারণ নির্বাচনে তার দল বিশাল জয় লাভ করে; যা নেপালের ঐতিহ্যবাহী রাজনৈতিক দলগুলোর জন্য এক বড় ধাক্কা ছিল। বালেন শাহ ঝাপা-৫ আসনে দেশটির সাবেক প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলিকে পরাজিত করে নিজের রাজনৈতিক শক্তির জানান দেন। মাত্র ৩৫ বছর বয়সে প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নিয়ে তিনি নেপালের ইতিহাসের সর্বকনিষ্ঠ প্রধানমন্ত্রী হওয়ার গৌরব অর্জন করেন।

ইসলামাবাদ সমঝোতা শেষ, সব

লক্ষ্যবস্তুর তালিকায় রয়েছে। খবর শাফাক নিউজের। সোমবার এক সংবাদ সম্মেলনে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাকি বলেন, ১৭ জুন স্বাক্ষরিত ১৪ দফার ইসলামাবাদ সমঝোতা শুরু থেকেই সংকটে পড়ে। তার অভিযোগ, চুক্তি কার্যকর হওয়ার প্রথম দিন থেকেই যুক্তরাষ্ট্র ধারাবাহিকভাবে এর বিভিন্ন ধারা লঙ্ঘন করছে। হরমুজ প্রণালির সাম্প্রতিক উত্তেজনার জন্যও যুক্তরাষ্ট্রকে দায়ী করেন বাকি। তিনি বলেন, ওয়াশিংটন ইরানের সঙ্গে সমন্বয় করে নির্ধারিত নিরাপদ নৌপথ এড়িয়ে চলার চেষ্টা করেছে। ইরানের যুক্তরাষ্ট্রের প্রতি দীর্ঘদিনের অবিশ্বাসের কারণেই সমঝোতাটি এমনভাবে করা হয়েছিল, যাতে একতরফা ব্যাখ্যার কোনো সুযোগ না থাকে। বাকি বলেন, ‘প্রতিশ্রুতির বিপরীতে প্রতিশ্রুতি। যতদিন যুক্তরাষ্ট্র তাদের অঙ্গীকার ভঙ্গ করবে, ততদিন ইরানও নিজের দায়িত্ব পালন থেকে বিরত থাকবে।’ তিনি আরও বলেন, ইরানের বিরুদ্ধে হামলা চালাতে ব্যবহৃত যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটি, স্থাপনা ও লজিস্টিক অবকাঠামো বৈধ লক্ষ্যবস্তু হিসেবে বিবেচিত হবে। তবে ইরান অঞ্চলের কোনো দেশের ওপর হামলা চালায়নি এবং ভবিষ্যতেও চালাবে না। ইরানি জনগণের বিরুদ্ধে সংঘটিত ‘অপরাধের’ প্রমাণ আন্তর্জাতিক অঙ্গনে তুলে ধরা হবে এবং দায়ীদের বিচারের আওতায় আনতে সব ধরনের আন্তর্জাতিক আইনি পথ অনুসরণ করা হবে বলেও জানান বাকি। এদিকে পারমাণবিক কর্মসূচি নিয়ে তিনি নিশ্চিত করেন, আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএইএ) মহাপরিচালক রাফায়েল গ্রোসিকে ইরানের পারমাণবিক স্থাপনাগুলো পরিদর্শনের অনুমতি দেওয়া হবে না।

‘এক শিক্ষার্থী, এক বৃক্ষ’ কর্মসূচি

ছাত্রাবাস সবুজায়নের লক্ষ্যে রবিবার (১২ জুলাই ২০২৬) বৃক্ষরোপণ কর্মসূচি সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। কর্মসূচিতে কলেজের শিক্ষক, শিক্ষার্থী এবং ইসলাম শিক্ষা বিভাগের সদস্যরা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। পরিবেশের ভারসাম্য রক্ষা, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা এবং শিক্ষার্থীদের মধ্যে পরিবেশ সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রজাতির ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা রোপণ করা হয়। কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো. আখতারুজ্জামান খান বলেন, “শিক্ষার্থীদের শুধু পাঠ্যবইয়ের জ্ঞান অর্জন করলেই হবে না, প্রকৃতি ও পরিবেশ সংরক্ষণেও দায়িত্বশীল হতে হবে। ‘এক শিক্ষার্থী, এক বৃক্ষ’ কর্মসূচি শিক্ষার্থীদের মধ্যে পরিবেশ রক্ষার চেতনা জাগ্রত করবে। আজকের একটি গাছই আগামী দিনের সুস্থ, নিরাপদ ও সবুজ বাংলাদেশের ভিত্তি।” ইসলাম শিক্ষা বিভাগের বিভাগীয় প্রধান বলেন, “বৃক্ষরোপণ একটি মানবিক, নৈতিক ও সামাজিক দায়িত্ব। ইসলাম শিক্ষা বিভাগ সবসময় পরিবেশবান্ধব ও জনকল্যাণমূলক কর্মকাণ্ডে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। আমরা চাই প্রতিটি শিক্ষার্থী অন্তত একটি করে গাছ রোপণ এবং তার নিয়মিত পরিচর্যার মাধ্যমে পরিবেশ সংরক্ষণে সক্রিয় ভূমিকা পালন করুক।” কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা বলেন, “এক শিক্ষার্থী, এক বৃক্ষ কর্মসূচি আমাদের পরিবেশের প্রতি দায়বদ্ধতার প্রতীক। আমরা শুধু গাছ লাগিয়েই থেমে থাকতে চাই না, বরং প্রতিটি গাছের পরিচর্যার দায়িত্বও পালন করব। এ ধরনের উদ্যোগ নিয়মিত আয়োজন করা হলে কলেজ ক্যাম্পাস আরও সবুজ, পরিচ্ছন্ন ও পরিবেশবান্ধব হয়ে উঠবে।” অনুষ্ঠান শেষে অংশগ্রহণকারীরা ইসলাম শিক্ষা বিভাগের এ উদ্যোগকে আন্তরিকভাবে স্বাগত জানান এবং ভবিষ্যতেও পরিবেশ সংরক্ষণে এ ধরনের জনসচেতনতামূলক ও বৃক্ষরোপণ কর্মসূচি ধারাবাহিকভাবে আয়োজনের প্রত্যাশা ব্যক্ত করেন।

চরফ্যাশনে গৃহবধূর

আলী হোসেন এর ছেলে দোলন হাওলাদার’র বিবাহ বন্ধনে আবদ্ধ হন। দাম্পত্য জীবনের তাদের একটি ৩ বছরের কন্যা সন্তান রয়েছে। সাংসারিক টুকিটাকি বিষয় নিয়ে তাদের মধ্যে পারিবারিক কলহ চলে আসছে। ঘটনার দিন দোলন হালদারের মা কিস্তির টাকা দিতে পাশের ঘরে গেলে ফিরে এসে দেখে গৃহবধূর ঝুলন্ত লাশ। শাশুড়ি ডাক চিৎকার দিলে স্থানীয়রা এগিয়ে আসলে স্থানীয়দের সহায়তায় শাশুড়ি গৃহবধুর ঝুলন্ত লাশ উদ্ধার করে। নুপুরের স্বামী দোলন হাওলাদার একটি বাসে হেলপার হিসেবে কাজ করে। সংবাদ পেয়ে মৃত গৃহবধু নূপুরের স্বামী দোলন বাড়ি আসে। এ ঘটনায় থানা পুলিশ গিয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছে বলে জানিয়েছে স্থানীয়রা। তবে থানা পুলিশ লাশ উদ্ধার বা কোন হস্তক্ষেপ করেনি। পুলিশের এই নিষ্ক্রিয়তা নিয়ে এলাকায় ক্ষোভের সৃষ্টি হয়েছে। বিষয়টি নিয়ে সালিশ মীমাংসার নামে একটি স্বার্থান্বেষী গ্রুপ রফা-দফায় বসেছে বলে জানিয়েছে এলাকার একাধিক ব্যক্তি। এ ঘটনার সত্যতা নিশ্চিত জানতে ০১৩২০১৫২৩১১ নম্বরে চরফ্যাশন থানা অফিসার ইনচার্জকে মোবাইলে কল করলে তিনি ফোন রিসিভ করেনি। এ রিপোর্ট লেখা পর্যন্ত লাশ দাফন কিংবা আইনগত ব্যবস্থা নেয়নি কেউ। এ ঘটনায় উর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করছে এলাকাবাসী।

সাড়ে ৬ বছরেও শেষ হয়নি বিদ্যালয়ের ভবন নির্মাণ

দুমকি প্রতিনিধি

পটুয়াখালীর দুমকী উপজেলার আংগারিয়া ইউনিয়নের জলিশা মাধ্যমিক বিদ্যালয়ের নতুন একাডেমিক ভবনের নির্মাণকাজ শুরু হওয়ার সাড়ে ছয় বছর পেরিয়ে গেলেও তা আজও শেষ হয়নি। ফলে শ্রেণিকক্ষ সংকটে ব্যাহত হচ্ছে পাঠদান। বিদ্যালয় সূত্রে জানা গেছে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় ৮০ লাখ ৭৫ হাজার টাকা ব্যয়ে ভবন নির্মাণের কাজ পায় পটুয়াখালী শহরের কালিকাপুর এলাকার ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স হাসান অ্যান্ড ব্রাদার্স। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালীর তৎকালীন নির্বাহী প্রকৌশলী মো. হাদিউস জামানের স্বাক্ষরিত ২০২০ সালের ৩ মার্চের কার্যাদেশ অনুযায়ী কাজ শুরু হলেও ভবনের ভিত্তির ওপর মাত্র ৫-৬ ফুট কলাম নির্মাণের পরই কাজ বন্ধ হয়ে যায়। প্রকল্পটির টেন্ডার আইডি ৩৭০১৫৮। বিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থী মার্জিয়া তাবাচ্ছুম অনন্যা বলেন, ভর্তি হওয়ার সময় নতুন ভবনের কাজ শুরু হতে দেখে খুব আনন্দ হয়েছিল। কিন্তু বিদ্যালয় জীবন শেষ হতে চললেও নতুন ভবনে একটি ক্লাসও করতে পারলাম না। ভবন না থাকায় আমাদের নিয়মিত পাঠদান ব্যাহত হচ্ছে। বিদ্যালয়ের সাবেক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. খলিলুর রহমান বলেন, দায়িত্বে থাকাকালে তিনি একাধিকবার শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ও ঠিকাদারি প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করলেও কাজ পুনরায় শুরু হয়নি। বর্তমান প্রধান শিক্ষক গৌতম চন্দ্র হাওলাদার বলেন, দায়িত্ব গ্রহণের পর তিনিও বহুবার শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সঙ্গে যোগাযোগ করেছেন; কিন্তু কোনো অগ্রগতি হয়নি। বিদ্যালয়ে বর্তমানে ২৪৫ জন শিক্ষার্থী রয়েছে। শ্রেণিকক্ষের সংকট থাকা সত্ত্বেও নির্মাণকাজের সুবিধার্থে একটি কক্ষ ঠিকাদারি প্রতিষ্ঠানকে দেওয়া হয়েছিল। কিন্তু সাড়ে ছয় বছর ধরে সেটি তালাবদ্ধ অবস্থায় পড়ে আছে। এতে শিক্ষার্থীদের পাঠদান আরও ব্যাহত হচ্ছে। দ্রুত ভবন নির্মাণের উদ্যোগ নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. শহিদুল ইসলাম বলেন, বিষয়টি সম্পর্কে বিস্তারিত জানার পর উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হবে। ঠিকাদারি প্রতিষ্ঠানের দেওয়া মুঠোফোন নম্বরে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তাদের কোনো বক্তব্য পাওয়া যায়নি। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর পটুয়াখালীর চলতি দায়িত্বে থাকা নির্বাহী প্রকৌশলী মো. মনিরুল কবির বলেন, ঠিকাদারি প্রতিষ্ঠানকে বারবার চিঠি দেওয়া হলেও কোনো সাড়া পাওয়া যায়নি। বিধি অনুযায়ী পুনরায় টেন্ডারের মাধ্যমে অবশিষ্ট কাজ সম্পন্ন করার প্রক্রিয়া চলমান রয়েছে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ১৪ জুলাই ২০২৬ ॥ ২৯ আষাঢ় ১৪৩৩

ইসলামাবাদ সমঝোতা শেষ, সব মার্কিন ঘাঁটিই এখন লক্ষ্যবস্তু: ইরান

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্রের সঙ্গে ইসলামাবাদে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (এমওইউ) কার্যত শেষ হয়ে গেছে বলে জানিয়েছে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়। একই সঙ্গে সতর্ক করা হয়েছে, মধ্যপ্রাচ্যে থাকা যুক্তরাষ্ট্রের সব সামরিক ঘাঁটি এখন ইরানের ৩ এর পাতায় দেখুন

জেন-জি বিক্ষোভে ফের উত্তাল নেপাল, বালেন শাহর পদত্যাগ দাবি

কীর্তনখোলা ডেস্ক

বেকারত্ব, অর্থনৈতিক দুর্দশা ঘিরে আবারও উত্তপ্ত হয়ে উঠেছে নেপাল। দেশটির তরুণ প্রজন্মের ক্রমবর্ধমান অসন্তোষ আবারও রাস্তায় ছড়িয়ে পড়েছে। গত তিন দিনে দেশটিতে তিন যুবক শরীরে পেট্রোল ঢেলে আত্মাহুতির চেষ্টা ৩ এর পাতায় দেখুন

ভোলায় ১২০০ কিলোমিটার সড়কের বেহাল দশা, চরম দুর্ভোগে লাখো মানুষ

ভোলা প্রতিনিধি

দ্বীপজেলা ভোলায় দীর্ঘদিন ধরে সংস্কার না হওয়ায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) আওতাধীন প্রায় ১ হাজার ২০০ কিলোমিটার সড়ক চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। খানাখন্দে ভরা এসব সড়কে চলতি বর্ষায় দুর্ভোগ চরমে পৌঁছেছে। সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়েছেন রোগী, বয়স্ক ব্যক্তি, শিক্ষার্থী ও সাধারণ যাত্রীরা। পাশাপাশি ব্যাহত হচ্ছে ব্যবসা-বাণিজ্য ও পণ্য পরিবহন। প্রায় ৩ হাজার ৪০৩ দশমিক ৪৮ বর্গকিলোমিটার আয়তনের ভোলা জেলায় প্রায় ২২ লাখ মানুষের বসবাস। জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক দীর্ঘদিন সংস্কার না হওয়ায় প্রতিদিনই ঘটছে ছোট-বড় দুর্ঘটনা। বিকল হচ্ছে যাত্রীবাহী ও পণ্যবাহী যানবাহন। স্থানীয়দের কাছে এসব সড়ক এখন যেন মৃত্যুফাঁদে পরিণত হয়েছে। সরেজমিনে দেখা গেছে, ভোলা পৌরসভার ইলিশা বাসস্ট্যান্ডসংলগ্ন ভদ্রেরপোল থেকে পশ্চিম ইউনিয়নের ৩ এর পাতায় দেখুন

পিরোজপুর জেলা প্রশাসকের অভিভাবকত্বে এতিম কন্যার বিয়ে

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরে প্রথমবারের মতো সরকারি শিশু পরিবারে এক এতিম কন্যার বিয়ের আয়োজন করেছে জেলা প্রশাসন ও সমাজ সেবা অধিদপ্তর। রবিবার (১২ জুলাই) রাতে পিরোজপুর সরকারি শিশু পরিবার ক্যাম্পাসে উৎসবমুখর পরিবেশে এ বিয়ে অনুষ্ঠিত হয়। এসময় কনের অভিভাবকের দায়িত্ব পালন করেন পিরোজপুরের জেলা প্রশাসক আবু সাঈদ। তিনি কনে সুহানি আক্তারকে আনুষ্ঠানিকভাবে বরের হাতে তুলে দেন এবং নবদম্পতির সুখী, সুন্দর ও সমৃদ্ধ দাম্পত্য জীবনের জন্য শুভকামনা জানান। জানা ৩ এর পাতায় দেখুন

বৃষ্টিতে ছাতা মাথায় পরীক্ষা দিলেন শিক্ষার্থীরা, ভিডিও ভাইরাল

গলাচিপা প্রতিনিধি

পটুয়াখালীর গলাচিপা উপজেলার কোটখালী ফাজিল ডিগ্রি মাদরাসায় অর্ধবার্ষিক পরীক্ষা চলাকালে অতিবৃষ্টির কারণে ছাতা মাথায় পরীক্ষা দিতে হয়েছে শিক্ষার্থীদের। এ ঘটনার একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর ব্যাপক আলোচনার সৃষ্টি হয়েছে। ভাইরাল হওয়া ভিডিওতে দেখা যায়, শ্রেণিকক্ষের জরাজীর্ণ ছাদ দিয়ে বৃষ্টির পানি পড়ছে। এতে কয়েকজন ছাত্রী এক হাতে ছাতা ধরে অন্য হাতে কলম দিয়ে উত্তরপত্র লিখছেন। প্রতিকূল পরিবেশের মধ্যেও পরীক্ষা চালিয়ে যেতে বাধ্য হন তারা। জানা গেছে, রোববার (১২ জুলাই) অনুষ্ঠিত অর্ধবার্ষিক পরীক্ষার সময় এ পরিস্থিতির সৃষ্টি হয়। স্থানীয়দের অভিযোগ, ১৯২৭ সালে প্রতিষ্ঠিত কোটখালী ফাজিল ডিগ্রি মাদরাসার পুরোনো ভবনটি দীর্ঘদিন ৩ এর পাতায় দেখুন

নেছারাবাদে পৃথক অভিযানে গাঁজা ও ইয়াবাসহ গ্রেফতার ৫

নেছারাবাদ প্রতিনিধি

পিরোজপুরের নেছারাবাদ উপজেলায় মাদকের বিরুদ্ধে চলমান বিশেষ অভিযানে ৫০ পিস ইয়াবা ও ১০০ গ্রাম গাঁজাসহ ৫ জনকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার (১২ জুলাই) বিকেল থেকে মধ্যরাত পর্যন্ত উপজেলার বিভিন্ন এলাকায় পৃথক অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। সোমবার (১৩ জুলাই) দুপুরে বিষয়টি নিশ্চিত করেন নেছারাবাদ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মেহেদী হাসান। গ্রেফতারকৃতরা হলেন, উপজেলার স্বরূপকাঠি পৌরসভার শর্ষিনা গ্রামের মো. ফরিদুল ইসলামের ছেলে মো. মিজান (৩৫)। তার কাছ থেকে ৫০ পিস ইয়াবা উদ্ধার করা হয়েছে। জগৎপট্টি গ্রামের মো. বাদল হোসেনের ছেলে মো. তানভীর আহম্মেদ (২২) এর কাছ ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশনে গৃহবধূর রহস্যজনক মৃত্যু

চরফ্যাশন প্রতিনিধি

চরফ্যাশন আবদুল্লাহপুর ৭নং ওয়ার্ডে এক সন্তানের জননীর ঝুলন্ত লাশ উদ্ধার করেছে এলাকাবাসী ও তার পরিবার। মৃত্যুর খবর এলাকার মধ্যে চাউর হলে তার মৃত্যু নিয়ে এলাকাবাসীর সন্দেহের সৃষ্টি হয়। শুরু হয় গুঞ্জন। বিষয়টি নিয়ে মীমাংসার নামে রফা দফায় বসেছে কিছু স্বার্থন্বেষী গ্রুপ। তবে এ ঘটনায় পুলিশের কোন তৎপরতা নেই বললেই চলে। গতকাল সোমবার বেলা ১১ টায় গৃহবধুর নিজ গৃহে এ ঘটনা ঘটেছে বলে জানিয়েছে এলাকাবাসী। স্থানীয় সূত্র ও ঘটনাস্থল একই বাড়ির দোলন হাওলাদারের চাচা মহসিন জানায়, প্রায় ৪-৫ বছর আগে লালমোহন থানাধীন ফুলবাগিচা এলাকার নুপুর (২০) এর সাথে আব্দুল্লাহপুর ইউনিয়ন ৭ নং ওয়ার্ডের ৩ এর পাতায় দেখুন

ডেঙ্গু প্রকোপের মধ্যে সবচেয়ে ঝুঁকিপূর্ণ উপকূলীয় জেলা বরগুনা

বরগুনা প্রতিনিধি

দেশজুড়ে ডেঙ্গুর প্রকোপের মধ্যে সবচেয়ে ঝুঁকিপূর্ণ উপকূলীয় জেলা বরগুনা। সরকারি হিসাব অনুযায়ী, গতবছর দেশের মোট ডেঙ্গু আক্রান্ত রোগীর প্রায় ১০ শতাংশই এই জেলায় শনাক্ত হয়েছে। গেল ২০২৫ সালে দেশের মোট ডেঙ্গু আক্রান্তের প্রায় ১০ শতাংশই ছিল বরগুনায়। যার প্রেক্ষিতে জেলাটিকে ডেঙ্গুর হটস্পট হিসেবে ঘোষণা করেছিল স্বাস্থ্য বিভাগ। পরিস্থিতি নিয়ন্ত্রণে তখন সরকারের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট বা আইইডিসিআর বেশ কিছু পরামর্শ দিলেও, তার অধিকাংশেরই বাস্তবায়ন হয়নি বলে অভিযোগ সচেতন মহলের। বৃষ্টির মৌসুমে আবারও বাড়ছে ডেঙ্গুর প্রকোপ, ছড়াচ্ছে আতঙ্ক। বরগুনার স্বাস্থ্য বিভাগের সর্বশেষ তথ্য ৩ এর পাতায় দেখুন

কলাপাড়ায় মসজিদ ভেঙে যাওয়ায় সড়কে মুসল্লিদের নামাজ আদায়

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় মসজিদের পাটাতন ভেঙে মুসল্লিদেরসহ পানিতে পড়ে গেছে। কোনো উপায় না পেয়ে সড়কের মাঝেই নামাজ আদায় করছেন ধর্মপ্রাণ মানুষ। বৃষ্টি হলে নামাজ আদায় করতে বিপাকে পড়তে হয় তাদের। খবর পেয়ে ছুটে এসেছেন কলাপাড়া উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক ও টিয়াখালী ইউনিয়নের সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী সুমন গাজী। উপজেলার টিয়াখালী ইউনিয়নের মধ্য রজপাড়ায় ভেঙে যাওয়া বাইতুল মামুর জামে মসজিদটি নিজস্ব অর্থায়নে সংস্কার করে দেওয়ার আশ্বাস দিয়েছেন তিনি। এতে স্বস্তি ফিরে এসেছে মুসল্লিদের মাঝে। তবে স্থানীয়রা ওই জায়গাটি বালু দিয়ে ভরাট করে মসজিদটি সংস্কারের জন্য বিত্তবানসহ সরকারের কাছে অনুরোধ ৩ এর পাতায় দেখুন

সাপের কামড়ে তিন বছরের শিশুর মৃত্যু

কাঁঠালিয়া প্রতিনিধি

ঝালকাঠির কাঁঠালিয়ায় বিষধর সাপের কামড়ে মোসা. নুসরাত আক্তার (৩) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। রবিবার (১২ জুলাই) বিকেলে বাড়ির উঠানে খেলতে গিয়ে সাপের কামড়ে আহত হলে তাকে দ্রুত হাসপাতালে নেওয়া হয়। তবে চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে শিশুটিকে মৃত ঘোষণা করেন। পারিবারিক ও স্থানীয় সূত্রে জানা গেছে, রবিবার বিকেলে বাড়ির উঠানে খেলছিল নুসরাত। একপর্যায়ে উঠানের একটি গর্তে হাত দিলে সেখানে লুকিয়ে থাকা একটি বিষধর সাপ তার ডান হাতের কবজিতে কামড় দেয়। ৩ এর পাতায় দেখুন

স্বাধীনতার ৫৭ বছরেও পাকা হয়নি ভরিপাশা-তালতলী সড়ক

বাউফল প্রতিনিধি

স্বাধীনতার ৫৭ বছর পেরিয়ে গেলেও পটুয়াখালীর বাউফল উপজেলার কেশবপুর ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের ভরিপাশা-তালতলী সড়কটি এখনো পাকা হয়নি। প্রায় সাড়ে ৭ কিলোমিটার দীর্ঘ এই কাঁচা সড়কের কারণে চরম দুর্ভোগে রয়েছেন এলাকার প্রায় ১০ হাজার মানুষ। শুধু এই সড়কই নয়, ওয়ার্ডটির অন্য কোনো সড়কও এখন পর্যন্ত পাকাকরণ করা হয়নি বলে ৩ এর পাতায় দেখুন

‘এক শিক্ষার্থী, এক বৃক্ষ’ কর্মসূচি হাতেম আলী কলেজে বৃক্ষরোপণ

ফজলে রাব্বি, হাতেম আলী কলেজ

প্রধানমন্ত্রীর ঘোষিত ‘এক শিক্ষার্থী, এক বৃক্ষ’ কর্মসূচির আওতায় সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশালের ইসলাম শিক্ষা বিভাগ কর্তৃক কলেজ প্রাঙ্গণ ও শহীদ আলমগীর ৩ এর পাতায় দেখুন

বজ্রপাতে নদীতে পড়ে ট্রলার মাঝি নিখোঁজ আহত ৩ জেলে

রাঙ্গাবালী প্রতিনিধি

পটুয়াখালীর রাঙ্গাবালীতে মাছ ধরতে গিয়ে বজ্রপাতে নদীতে পড়ে এক ট্রলার মাঝি নিখোঁজ হয়েছেন। এ ঘটনায় একই ট্রলারে থাকা আরও তিন জেলে আহত হয়েছেন। সোমবার (১৩ জুলাই) বেলা ১১টার দিকে রাবনাবাদ চ্যানেলে পায়রা সমুদ্রবন্দরের ৩ নম্বর বয়া-সংলগ্ন গনির টেক এলাকায় এ ঘটনা ঘটে। নিখোঁজ জেলে রুবেল হাওলাদার রাঙ্গাবালী উপজেলার বড়বাইশদিয়া ইউনিয়নের ১২ নম্বর ডিগ্রির মাঝগ্রাম এলাকার আবুল কালাম হাওলাদারের ছেলে। তিনি ট্রলারটির মালিক ও মাঝি ছিলেন। স্থানীয় সূত্রে জানা গেছে, নিজের ট্রলার নিয়ে আরও তিন জেলেকে সঙ্গে নিয়ে মাছ ধরতে যান রুবেল। একপর্যায়ে আকস্মিক বজ্রপাত হলে তিনি ট্রলার থেকে নদীতে পড়ে নিখোঁজ হন। এ ঘটনায় বড়বাইশদিয়া ইউনিয়নের গাববুনিয়া গ্রামের শাহাদাত মৃধা ও রাজিব সরদার এবং ১২ নম্বর ডিগ্রি এলাকার নাসির ভূইয়া আহত হন। বজ্রপাতের পর তারা কিছু সময় ট্রলারে অচেতন অবস্থায় ছিলেন। পরে আশপাশে মাছ ধরতে থাকা অন্য ট্রলারের জেলেরা ঘটনাস্থলে গিয়ে আহত তিনজনকে উদ্ধার করেন। তাদের প্রাথমিক চিকিৎসা দেওয়া ৩ এর পাতায় দেখুন

প্রতিবন্ধী নারী ধর্ষণ মামলার প্রধান আসামি গ্রেফতার

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফল থানা এলাকায় এক বাকপ্রতিবন্ধী নারীকে ধর্ষণের ঘটনায় দায়ের করা মামলার প্রধান আসামি আলতাফ হোসেন ওরফে মো. আনোয়ার বয়াতী (৪৮) কে গ্রেফতার করেছে র‍্যাব-৮। র‍্যাব- ৮ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে রোববার (১২ জুলাই) দুপুরে র‍্যাব-৮ এর সিপিসি-১, পটুয়াখালী ক্যাম্পের একটি আভিযানিক দল সদর উপজেলার সদর রোড লঞ্চঘাট এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। গ্রেপ্তারকৃত আলতাফ হোসেন পটুয়াখালী সদর উপজেলার কমলাপুর ইউনিয়নের ধরান্দী গ্রামের মৃত আলী হোসেন হাকিম বয়াতীর ছেলে। মামলার এজাহার ও র?্যাব সূত্রে জানা যায়, ভুক্তভোগী একজন বাকপ্রতিবন্ধী নারী। গ্রেপ্তারকৃত ব্যক্তি রাজমিস্ত্রীর কাজের সূত্রে তাদের বাড়িতে যাতায়াত করতেন। এ সময় তিনি ভুক্তভোগীকে বিভিন্নভাবে কুপ্রস্তাব দিয়ে আসছিলেন। ঘটনার দিন ভুক্তভোগী বাড়ি থেকে বের হয়ে পাশ্ববর্তী মোল্লার ব্রিজ এলাকায় গেলে ৩ এর পাতায় দেখুন

রাজাপুরে দুই স্ত্রী নিয়ে ইয়াবাসহ স্বামী আটক

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুর উপজেলায় দুই স্ত্রীকে সঙ্গে নিয়ে দীর্ঘদিন ধরে মাদক ব্যবসা পরিচালনার অভিযোগে এক ব্যক্তিকে এবং তার দুই স্ত্রীকে আটক করেছে উপজেলা প্রশাসন। তাদের কাছ থেকে ১৩ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালতের (মোবাইল কোর্ট) মাধ্যমে দুই স্ত্রীকে ৩ এর পাতায় দেখুন

টানা ভারী বর্ষণে চরফ্যাশনে জনজীবন বিপর্যস্ত

চরফ্যাশন প্রতিনিধি

মৌসুমি নিম্নচাপ ও সক্রিয় মৌসুমি বায়ুর প্রভাবে টানা ভারী বর্ষণে ভোলার চরফ্যাশন উপজেলার ২১টি ইউনিয়নে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। অব্যাহত বৃষ্টিতে নিম্নাঞ্চলে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। তলিয়ে গেছে আমনের বীজতলা, বিভিন্ন মৌসুমি সবজির ক্ষেত এবং শত শত মাছের খামার। প্রবল বর্ষণে গত অর্থবছরে নির্মিত অনেক কাঁচা সড়ক ক্ষতিগ্রস্ত হয়েছে। কোথাও কোথাও সড়ক ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় মাসিক আইন-শৃঙ্খলা কমিটির সভা

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল সোমবার উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা অডিটরিয়ামে মাসিক আইন-মাসিক আাইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি, মাদক ও চোরাচালান প্রতিরোধ, সড়ক নিরাপত্তা, বাজার তদারকি, বল্য বিবাহ, জননিরাপত্তা এবং বিভিন্ন সরকারি সেবার মানোন্নয়নসহ গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে ৩ এর পাতায় দেখুন

ডাকাতির প্রস্তুতিকালে অস্ত্র ও গুলিসহ ৪ ডাকাত আটক

ভোলা প্রতিনিধি

ভোলায় ডাকাতির প্রস্তুতিকালে অভিযান চালিয়ে ৪ ডাকাতকে আটক করেছে কোস্ট গার্ড দক্ষিণ জোনের ভোলা বেইসের সদস্যরা। এ সময় তাদের কাছ থেকে একটি দেশীয় একনলা বন্দুক, ৪ রাউন্ড তাজা গুলি ও ৩টি দেশীয় ধারালো অস্ত্র জব্দ করা হয়। রোববার (১২ জুলাই) রাতে বিষয়টি নিশ্চিত করেন কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন। এর আগে, এদিন বিকেলে সদর উপজেলার ধনিয়া ইউনিয়নের বালিয়াকান্দি গ্রাম থেকে তাদের আটক করা হয়। আটকরা হলেন- ফিরোজ ডাকাত বাহিনীর প্রধান, দৌলতখান উপজেলার চরখলিফা ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের মো. ফিরোজ জমাদার (৫৫) এবং তার ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com